কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ভর্তি চলছে
মাধ্যমিক
উচ্চমাধ্যমিক
HALDAR GROUP
সোনারপুর | www.haldargroup.org
7439028998

বর্ষ ৪৩ সংখ্যা ৩০ কলকাতা বুধবার, ২২ ফেব্রুয়ারি ২০২৩/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ৯ ফাল্গুন ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## আই ডি বি আই ব্যাঙ্কে ৬০০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

৬০০ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে আই ডি বি আই ব্যাঙ্ক। প্রথমে ১ বছরের প্রবেশন। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2/2023-24.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২৪৪, তফসিলি জাতি ১৯০, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৮৯, আর্থিক ভাবে অনগ্রসর ৬০। এর মধ্যে শ্রবণসংক্রান্ত, দৃষ্টিসংক্রান্ত, অস্থিসংক্রান্ত, বৌদ্ধিক-সহ একাধিক প্রতিবন্ধকতা-সম্পন্ন প্রার্থীদের জন্য ৮টি করে শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট, সঙ্গে ব্যাঙ্ক, ফিনান্সিয়াল সার্ভিস ও ইনশিওরেন্স সেক্টরে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২৩ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৩৬,০০০-৬৩,৮৪০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই, ইন্টারভিউ এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে এপ্রিলে। পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: লজিক্যাল রিজনিং, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৪০ নম্বর) এবং জেনারেল/ ইকনমি/ ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস/কম্পিউটার/ইনফর্মেশন টেকনোলজি (৬০ নম্বর)। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, হুগলি, কল্যাণী, আসানসোল, দুর্গাপুর এবং শিলিগুড়ি।

তফসিলি এবং ও বি সি প্রার্থীদের নিখরচায় পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণ দেওয়া হবে দেশজুড়ে বিভিন্ন কেন্দ্রে। আগ্রহীরা দেখুন সংশ্লিষ্ট ব্যাঙ্কের ওয়েবসাইট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.idbibank.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। ওয়েবসাইটে প্রথমে রেজিস্ট্রেশন করার

*এরপর আটের পাতায়*

## জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে ৩৫৫

৩৫৫ জন নন-টিচিং স্টাফ নেবে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়। নিয়োগ করা হবে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, মাল্টি টাস্কিং স্টাফ, মেস হেল্পার, ইঞ্জিনিয়ারিং অ্যাটেন্ড্যান্ট, ওয়ার্কস অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার-সহ বিভিন্ন পদে। প্রার্থী বাছাই করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/RC(NT)/2023.

**শূন্যপদের বিবরণ: সেকশন অফিসার:** ৮টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার:** ৩টি (সাধারণ)। **সিনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। **অ্যাসিস্ট্যান্ট:** ৩টি (তফসিলি জাতি ২, দৈহিক প্রতিবন্ধী ১)। **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ১০৬টি (সাধারণ ৪৭, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৮, আর্থিকভাবে অনগ্রসর ৪, দৈহিক প্রতিবন্ধী ৪)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ৭৯টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২৪, আর্থিকভাবে অনগ্রসর ৭, প্রতিবন্ধী ৪)। **পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **স্টেনোগ্রাফার:** ২২টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২, দৈহিক প্রতিবন্ধী ১)।

*এরপর আটের পাতায়*

## সেনাবাহিনীর ট্রানজিট ক্যাম্পে চাকরি

৯৩ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ভারতীয় সেনাবাহিনী। মাল্টি টাস্কিং স্টাফ, ওয়াশার ম্যান, মেস ওয়েটার-সহ বিভিন্ন পদে নিয়োগ করা হবে বিভিন্ন ট্রানজিট ক্যাম্প, মুভমেন্ট কন্ট্রোল গ্রুপ ও মুভমেন্ট ফরওয়ার্ড ডিটাচমেন্টে। প্রার্থী বাছাই কেন্দ্র দিল্লি ক্যান্টনমেন্ট।

**শূন্যপদের বিন্যাস: মাল্টি টাস্কিং স্টাফ (সাফাইওয়ালা):** ২২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩, প্রাক্তন সমরকর্মী ২)।

*এরপর দুয়ের পাতায়*

## কলকাতা মেট্রোয় ১২৫ ট্রেড অ্যাপ্রেন্টিস

১২৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কলকাতা মেট্রো রেল। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৬২ অনুসারে ট্রেনিং দেওয়া হবে আই টি আইয়ের ফিটার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট এবং ওয়েল্ডার ট্রেডে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: 01/23/Metro Railway/ Kolkata.

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: **ফিটার:** ৮১টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২, দৈহিক প্রতিবন্ধী ৩, প্রাক্তন সমরকর্মী ৬)। **ইলেক্ট্রিশিয়ান:** ২৬টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, দৈহিক প্রতিবন্ধী ১)। **মেশিনিস্ট:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে এন সি ভি টি স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। **বয়স:** ১-১-২০২৩ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নথিপত্র এবং দৈহিক সক্ষমতা যাচাই করা হবে।

প্রার্থীকে অবশ্যই অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করে থাকতে হবে

*এরপর আটের পাতায়*

## হৃষীকেশ এইমসে ২৮৩

মেডিকেল রেকর্ড টেকনিশিয়ান, অফিস অ্যাটেন্ড্যান্ট, স্টেনোগ্রাফার, ডেন্টাল টেকনিশিয়ান, লোয়ার ডিভিশন ক্লার্ক, ল্যাব অ্যাটেন্ড্যান্ট, স্টোর কিপার-সহ বিভিন্ন পদে ২৮৩ জনকে নেবে হৃষীকেশ এইমস (অল ইন্ডিয়ান ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস)। প্রথমে ২ বছরের প্রবেশন। উল্লেখ্য, বিজ্ঞপ্তি নম্বর: 2017/ 112-147 অনুসারে পূর্বে যাঁরা আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

**শূন্যপদের বিবরণ: বিজ্ঞপ্তি নম্বর 2017/123: ডায়েটিশিয়ান:** ১২টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: হোম সায়েন্স ফুড অ্যান্ড নিউট্রিশন বা ক্লিনিক্যাল নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্স বা ফুড সায়েন্স অ্যান্ড নিউট্রিশন বা ফুড অ্যান্ড নিউট্রিশন ডায়েটেটিক্স বা ফুড সার্ভিস ম্যানেজমেন্ট অ্যান্ড ডায়েটেটিক্সে এম এসসি। পাশাপাশি, অন্তত ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/135: স্টোর কিপার:** ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে

*এরপর আটের পাতায়*

## আই ডি বি আই ব্যাঙ্কে ম্যানেজার

৭৫ জন ম্যানেজার নেবে আই ডি বি আই ব্যাঙ্ক। নিয়োগ করা হবে ডিজিটাল ব্যাঙ্কিং অ্যান্ড ইমার্জিং পেমেন্টস এবং ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড এম আই এস বিভাগে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১/২০২৩-২৪।

**বিভাগ অনুসারে শূন্যপদ: ডিজিটাল ব্যাঙ্কিং অ্যান্ড ইমার্জিং পেমেন্টস:** ৪২টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস বা সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড

*এরপর দুয়ের পাতায়*

## কলকাতায় ভোডাফোন আইডিয়ায় টেরিটরি সেলস ম্যানেজার

### শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট/এম বি এ

কলকাতায় টেরিটরি সেলস ম্যানেজার নেবে টেলিকমিউনিকেশন সংস্থা ভোডাফোন আইডিয়া লিমিটেড। নিয়োগ হবে সেলস অ্যান্ড ডিস্ট্রিবিউশন বিভাগে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। এম বি এ ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। এই নিয়োগের আই ডি: 39748.

নির্দিষ্ট অঞ্চলে সংস্থার ক্রেতাসংখ্যা ও আয় বৃদ্ধি এবং সেলস টার্গেট অর্জন এই পদের মূল দায়িত্ব। কাজ করতে হবে প্রতিযোগিতামূলক বাজারে। রাঁচি, পাটনা, বেগুসরাই ও মুজফফরপুর কলকাতা কেন্দ্রের অন্তর্ভুক্ত।

যোগাযোগ, পরিকল্পনা ও সংগঠন এবং টাইম ম্যানেজমেন্টের ক্ষেত্রে প্রার্থীর পেশাদারি দক্ষতা থাকতে হবে।

যত দ্রুত সম্ভব অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.vodafoneidea.com খুঁটিনাটি তথ্য ও দরখাস্ত করার উইন্ডো পাবেন এই ওয়েবসাইটেই।

## হকিন্সে প্রোগ্রামার

### ফ্রেশার গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য

কিছু প্রোগ্রামার নেবে প্রেশার কুকার উৎপাদক ও বিপণন সংস্থা হকিন্স। সংশ্লিষ্ট বিষয়ে সদ্য ডিগ্রিপ্রাপ্ত গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। নিয়োগ হবে ম্যানেজমেন্ট ট্রেনি পদে। দেড় বছরের ট্রেনিং শেষে নিয়োগ হবে ম্যানেজমেন্ট ক্যাডারে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞরা উচ্চতর পদে নিযুক্ত হবেন।

প্রার্থীর নিম্নোক্ত এক বা একাধিক প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ব্যবহার করে কাজ করার জ্ঞান থাকতে হবে। নির্দিষ্ট

*এরপর তিনের পাতায়*

## নিখরচায় প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ

**চাষবাস, পশুপালন, খাদ্য প্রক্রিয়াকরণ— এই তিন ক্ষেত্রেই এখন রোজগারের সম্ভাবনা খুব বেশি। সব ক্ষেত্রেই নতুন প্রযুক্তির ব্যবহারে ফলন বেড়েছে আর খাদ্য প্রক্রিয়াকরণ খুলে দিয়েছে ব্যবসার নয়া দিগন্ত। তবে এ ব্যবসা করতে গেলে প্রশিক্ষণ নিতেই হবে। অবিবাহিত বেকার যুবকদের জন্য রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরের সম্পূর্ণ নিখরচায় আবাসিক প্রশিক্ষণ শুরু হচ্ছে ১৫ মে।**



**নিজস্ব প্রতিনিধি:** আয়ের অন্যান্য বহু রাস্তা খুলে গেলেও আজও কৃষিকাজ ও প্রাণীপালনের উপরই প্রধানত নির্ভরশীল এ দেশের অধিকাংশ মানুষ। তবে সময়ের সঙ্গে কৃষিকাজের পদ্ধতির আধুনিকীকরণ হয়েছে। এতে ফলন বৃদ্ধি পেয়েছে, কৃষকেরা লাভের মুখ দেখেছেন। পশুপালনের ক্ষেত্রেও আগের পরিস্থিতি আর নেই। এ দু'য়ের পাশাপাশি খাদ্য প্রক্রিয়াকরণের মতো কৃষি ও পশুপালন নির্ভর প্রযুক্তির উন্নতি ব্যবসার নতুন দিগন্ত খুলে দিয়েছে। এ ব্যবসা যে-কেউ করতে পারেন, তবে উপযুক্ত প্রশিক্ষণ থাকতে হবে। ধারণা থাকতে হবে বাজার সম্পর্কেও।

সম্পূর্ণ বিনামূল্যে অবিবাহিত যুবকদের প্রশিক্ষণ দেয় হাওড়া জেলার বেলুড়ের রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির।

### নিখরচায় স্বল্পমেয়াদি প্রশিক্ষণ

অবিবাহিত বেকার যুবকদের স্বনির্ভর করার লক্ষ্যে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে ১৫ মে, ২০২৩

*এরপর আটের পাতায়*






Chakrir খবর

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Part Time Job at Top MNC,** Managerial Post. Retd/VRS/ Businessman may apply. Salary+ PF+ESI. Work from Home. 94340-56033/70016-28464.

□

**Reputed Indian Co reqd Mngr** Retd/VRS/H'wife/Businessman 30-70 Part/Full Time High Inc No Target Foreign Trip+Benefit ·M-70039-37136.

□

**Urgent Opening Part Time Job** Opportunity through Digital Platform WFH, Age-30-75 HS+ Retd/ VRS/ Housewife/ Businessman. M. 82407-13895.

□

**অবসরপ্রাপ্ত/গৃহবধূদের জন্য ভারতের** স্বনামধন্য কোম্পানীতে উচ্চ আয়ের আকর্ষণীয় সুযোগ। GST/Tax Consultant/ব্যবসায়ী (age 30-65) যোগাযোগ করুন-74399-78412.

□

**Retired/VRS/Govt./PSU/গৃহবধূ/** ব্যবসায়ী (age 45-70)-দের সম্মানের সঙ্গে কাজের সুযোগ Indian Banking Group, কলিকাতা অফিসের জন্য-91238-09006.

□

**টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/** মহিলা ঘরে বসে রোজগার 18000-45000/- মাসে ল্যাপটপ+মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/WApp/SMS 91633-88161, 91633-88194.

□

**অফিস Asst Mngr পদে পার্টটাইম** কাজে গভঃ/ Pvt-Retd/ VRS/ Bank/ ONGC/ রেল/ কোল/ Ex Army-দের নিয়োগ 50-64, HS+মাসিক আয় 30K+Inc মিঃ দাস-74500-76595.

□

**কলকাতার স্বনামধন্য Co.-তে অফিস** জবে ম্যানেজার পদে Govt/Pvt থেকে Retd/VRS-দের সম্মানের সাথে পুনর্নিয়োগ। 40-70yrs, HS+. Salary+ PF+ESI. Mr.Saha-98316-74368.

□

**পাঁচ জনের সংসারে যাবতীয় কাজ** কর্মের জন্য কর্মঠ মহিলার প্রয়োজন। থাকা ও খাওয়া ফ্রি। 12000/- pm. M: 90515-12783.

□

**পশ্চিমবঙ্গের জেলা ভিত্তিক গর্ভমেন্ট** অধীনস্থ গার্মেন্টিস শোরুমে কাজের অভিজ্ঞতাসম্পন্ন সেলস ম্যান/ সেলস ম্যানেজার M/F প্রয়োজন ন্যূনতম Qualification Graduate সম্মানজনক বেতন PF, ESI সুবিধাসহ। M: 98301-73818/98745-41647.

□

**জেনারেল ইন্সিওরেন্স সেক্টরে সেলস** অফিসার পদে নিয়োগ চলছে। পুরুষ/ মহিলা, যোগ্যতা-মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, স্নাতক। যোগাযোগ-৯০৭৩১-৪৬৯৪৯ gaurab.m.aug2012@pibm.in

□

**অজন্তা হোটেল কাম বার রেস্টুরেন্টে** (বারাসাত)-অভিজ্ঞ Waiter এবং House Keeper চাই। 98743-22206, 98302-72771.

□

**সময়কে কাজে লাগিয়ে সম্মানের সাথে** সৎপথে Fixed ও অতিরিক্ত আয় করুন কলকাতার Reputed কোং-তে Retd/ Housewife/Ex Army/Freshers নিয়োগ 62919-60567.

□

**Dakshineswar Hotel-এ Manager** & Asstt. Manager চাই। Hotel Management/Experience/Computer knowledge চাই। 79802-75889, 79805-39615.

□

### কর্মখালি

**Wanted Male/Female DTP/** Desinging operator for renowned Medical Magazine, at South Kol-29. M-98302-79309/90515-11440 (Wap).

□

**দক্ষিণ কলকাতায় অবস্থিত এক** নার্সিংহোমে বাণিজ্য স্নাতক, মহিলা প্রার্থীর প্রয়োজন। যোগাযোগ-98314-56590.

□

**Required Female Accountant for** Billing and Senior Accountant with good knowledge of Taxation and GST at Girish Park Area. Call 94154-02041/97487-78291 Mail: agarwaltraders711101@gmail.com

□

**Teachers reqd in Saharsa, Bihar** to teach all subjects. Ready to get relocated can sent resume gemsbkp@gmail.com. Knowledge of Hindi is must. Salary 5K to 16K with food & lodging. Wapp: 95253-09996.

□

**Required Web Developer + App** (Android IOS) for educational institute in Barrackpore aims studies@gmail.com 85830-42628.

□

**HLG Hospital, Asansol needs** hospital marketing personnel. Salary Rs 20000 to 30000+ Incentive. Call 7812041936 hr@hlghospital.com

□

**ব্যারাকপুরে নামী Co-তে স্থায়ী** অফিসিয়াল জবের জন্য ম্যানেজার পদে 35-65 HS+, Retd. ব্যাঙ্ক, আর্মি পুলিশ, রেল ও মহিলা স্বাগত। বেতন-35K+ ESI. 98753-43396.

□

**দক্ষিণ কলকাতাতে নামী হাসপাতালে** এবং ডায়াগনস্টিক সেন্টার-এ অভিজ্ঞ মার্কেটিং প্রফেশনাল প্রয়োজন। স্যালারি:- 3.6 LPA. Ph-84200-17062.

□

**An Indian Banking Group@Kol** looking for Retd/VRS/Housewife/ Businessman for Part Time Manager Post. Salary+PF+ESI. Call 98312-40646.

□

**Require Managers for Part-Time** Job. Excellent Income in Kolkata based MNC from Retd-Govt/PSU/ Pvt only. Graduate, Age 50-65 86539-15612.

□

**Top MNC reqd Part-Time** Manager for Retd/VRS-Govt/ PSU/ Professional/ M/F/ Businessman. 35-65yr HS+. High Income 30-50K. Joy-94321-05908.

□

**প্রখ্যাত মিষ্টান্ন প্রতিষ্ঠানে মিষ্টির (পাটা** ও উনুন) ও নোনতার দক্ষ অভিজ্ঞ কারিগর চাই। 98302-03596/ 97482-19625 (10am-5pm).

□

**Part Time ঘরে বসে লিখে নো টার্গেটে** স্পট পেমেন্টে একা/দুজনে ফর্মফিলাপ, বই কপি করে সপ্তাহে 7000/- আয়। পোস্টে কাজ পাবেন। 82760-07237/ 97487-86553.

□

**Required Marketing/Salesmen to** Sale Various types Industrial Paints/Lubricants for Industries, Projects. Two Wheeler preferred. Salary No Bar. Mail: stps18@yahoo.com

□

**Required sales Executive and** office assistant Experience preferred send CV. to venus marketing18@gmail.com

□

**Reputed Travel Co. reqd. expd.** online Marketing, Tour Manager & Back office executive. M: 98312-26556/ radiance.tour@yahoo.com

□

### কর্মখালি

**Seacom Group immediately** requires accounts and audit management trainee (8 posts at various locations within West Bengal)-Min. Quali.-M.Com, must know Tally. Write to jobat seacom@gmail.com

□

**ব্যাঙ্ক DSA-তে Male/Female নিয়োগ** চলছে। যোগ্যতা ৮ম-স্নাতক বেতন 16200/- 72200/- ম্যানেজার ব্যাক অফিস পিওন ক্লার্ক, Ex আর্মিদের বিশেষ ছাড়। M. 97335-19273.

□

**ডায়মন্ড হারবার, বাঁকুড়া, বর্ধমান,** মুর্শিদাবাদ, মেদিনীপুর, হাওড়া ও হুগলীতে সুদক্ষ মার্কেটিং এক্সিকিউটিভ প্রয়োজন। সত্বর যোগাযোগ করুন-86979-54506.

□

**হুগলী চণ্ডীতলা অফিসে হিসেবরক্ষক,** অফিস Exec, রিসেপশনিস্ট, সাইট সুপারভাইজার, সিভিল ইঞ্জিঃ এবং পেট্রোল পাম্পে ম্যানেজার ও রিফিল বয় (22-35 yrs) চাই। 76030-46651, 98302-69222, 94340-22498.

□

**Required Sales Executive at** Kolkata office for a reputed Icecream Manufacturing Co. candidate has a experience in Icecream sales. Contact No.-83730-51430/96816-63822.

□

**Urgently require an accountant,** in South Kolkata, B.COM with 5 years experience in Tally, GST, TDS. E-mail: chayanadresses@yahoo.com

□

**Part Time/স্পট পেমেন্ট বাড়ি বসে** হাতে লিখে/Comp টাইপ/ ফর্ম ফিলাপ করে 6000-30000 আয় (আসা যাওয়ার প্রয়োজন নেই)। 89024-48939/85840-78118.

□

**Male persons having 2 wheeler** required for Sale of promotional gift item for corporate sector Salary negotiable sampurna.service@gmail.com/87773-02214.

□

**Pvt. Ltd. Travel Company** require Manager, Receptionist lady, accountant, peon. 033-2231-0909/98302-13935.

□

**কলকাতা সহ সারা ভারতে ও বিদেশে** 24 hr. জাপা ন্যানি, ইংলিশ জানা গভর্নেস, ঘরোয়া কাজে ও USA VISA হোল্ডার মেয়ে চাই। 10k-1Lac. 90515-22914.

□

### কর্মখালি

**Required Civil Engineer as Site** In Charge for North Eastern State. Salary: 18k-25k/Month (PF & ESI) Whatsapp 98306-30627/. 98303-79470.

□

**কন্ট্রাক্টরের অধীনে কলকাতা ও** বাগডোগরা এয়ারপোর্টে বিভিন্ন পদে প্রচুর কর্মী নিয়োগ চলছে। যোগ্যতানুসারে পদ ও বেতন। M-94335-36778.

□

**কলকাতার অফিসে Aditya Group-এ** Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা বয়স: 21-58, Graduate নিয়োগ। Fixed 25K Salary+Medical+PF. Ph. 90642-69437.

□

**Wanted Reputed CBSE Affiliated** 10+2 School reqd Teachers-Vice Principal, PGT/PRT/Math/Eng, Chem/BIO/EVS, BCA/MCA, Pre-Primary Co-ordinator, Librarian, Music & Art Teacher, Spl Educator (Female with fluency in Eng, will be given first preferred with Min. of 5yrs of teaching exp in the last 10yrs) send your CV at openmind sabirlaschoolgiridih@gmail.com/ 91100-21103 (W). After selection we provide date/Place for Interview through Mail/WhatsApp.

□

**Good Engagement Part time for** Retired/VRS. Age 35-70 yrs. HS+, Salary: 20000-30000+. M/ WhatsApp: 98316-20906/85838-14756.

□

**ম্যানেজার এবং Assistant ম্যানেজার** পদে কিছু Govt/Pvt-Retd/VRS-দের নিয়োগ চলছে পার্টটাইম কাজ 50-64, HS+. বার্ষিক আয় 10Lac. Mr. Roy-82401-86797.

□

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে বিভিন্ন** পদে কর্মী নিয়োগ। ডিপার্টমেন্টাল ফুডপ্যাকিং+চেকিং ও অফিসিয়াল পদে লোক চাই বেতন-17986-34567+PF+ ESI 94335-31834.

□

**এয়ারপোর্ট কন্ট্রাক্টরের অধীনে কর্মী** নিয়োগ। সুপারভাইজর, ট্রলিবয়, ব্যাক অফিসে ও অন্যান্য পদে। থাকা, খাওয়া, যাতায়াত ফ্রি। Ex আর্মীদের বিশেষ সুবিধা। M. 85130-41842.

□

**কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৫ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।**

### কর্মখালি

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**

**Kol-L/c No. WB96C77** পঃ বাংলার বিভিন্ন জেলায় M/F-দের Back Office, এছাড়া যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন Salary-তে 177 জনকে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। MP-স্নাতক, Salary: 17670/- – 29,720/-, Age: 18-41, Canteen-সহ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। HELP: 81677-20111.

□

**5 দিনে স্পট জয়েনিং**

**Govt.-RL No.-5468** বিনা ডোনেশানে Airport ও ব্যাঙ্কে ৮ম/স্নাতক M/F নিয়োগ। বেতন: 21,300 / 47,800, থাকা-খাওয়া ফ্রি। Ex আর্মী স্বাগত। M:87686-95305.

□

**BANK DSA-তে ও Airport-এ স্থায়ী জব**

**Govt. Regd. 6373** পঃবঙ্গ-সহ উঃবঙ্গের বিভিন্ন জেলায় বিনা ডোনেশানে (৮ম-স্নাতক) M/F কর্মী চাই। বেতন: 22,300/- – 48,700/-, থাকা খাওয়া ফ্রি। M: 87653-72203.

□

**ইলেক্ট্রিক-কাজ জানা ১ জন কর্মী ও ২** জন সাধারণ সহায়ক চাই। সেক্টর-৫, কোলকাতা-৯১। যোগাযোগ করুন: 94336-35343/91631-34799.

□

### কর্মখালি

**D গ্রুপে নিয়োগ**

**বিনা ডোনেশানে Airport ও ব্যাঙ্কে ৮ম/** স্নাতক M/F নিয়োগ চলছে। বেতন: 19,700 / 48,900, থাকা খাওয়া ফ্রি। PF, ESI, OT, বোনাস-সহ ছুটি। M: 94743-77851.

□

**Sales Executive Req. in all districts** of WB for No Credit Solar Product Sales. Freshers & Experienced Welcome. Send CV @ 90736-40592.

□

**হাসনাবাদ বালিকা হিন্দি বিদ্যালয়** হাসনাবাদ, উঃ ২৪ পঃ, পিন ৭৪৩৪২৬। (পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক অনুমোদিত) সংস্কৃত কাব্যতীর্থ: হিন্দিরত্ন শিক্ষক-শিক্ষিকা চাই। থাকা-খাওয়া ফ্রি। আবেদন করুন। সভাপতি, ফোন: ৯৮০০৫-৮১১৩২।

### স্কুল-কলেজ শিক্ষা

**প্রি-প্রাইমারী, প্রাইমারী ও সিনিয়র টিচার্স ট্রেনিং**

**নতুন শিক্ষানীতি অনুসারে ১/২ বছর** কোর্সে ভর্তি চলছে। Approved by BSS & NSDC Govt. of India. চাকরির বিশেষ সুযোগ দেওয়া হচ্ছে। Global Technical Institute বেলেঘাটা, ফুলবাগান: 92315-51285 / 92301-13485, গড়িয়া: 90516-29028, 82407-96873.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

Chakrir খবর

## সেনাবাহিনীর ট্রানজিট ক্যাম্পে চাকরি

*প্রথম পাতার পর*

**ওয়াশার ম্যান:** ৮টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১, প্রাক্তন সমরকর্মী ১)। **মেস ওয়েটার:** ১৩টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩, প্রাক্তন সমরকর্মী ১)। **মশালচি:** ৮টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১, প্রাক্তন সমরকর্মী ১)। **কুক:** ৩৪টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, ও বি সি ১১, প্রাক্তন সমরকর্মী ৫)। **বার্বার:** ৮টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** সবক'টি পদের ক্ষেত্রেই মাধ্যমিক পাশ-সহ সংশ্লিষ্ট কাজে দক্ষ হতে হবে। সাফাইওয়ালা, মেস ওয়েটার ও বার্বার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ১১-৩-২০২৩ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে র‍্যাঙ্ক অনুসারে গ্রেড পে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও পদ অনুসারে স্কিল টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান একটি এ-ফোর মাপের কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথ ভাবে।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর তিন কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন ও ফটোর ওপরে সই করে দেবেন। বাকি ফটো দু'টি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ৫ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো দু'টি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১১ মার্চের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: HQ 21 Movement Control Group, PIN-900106, C/o 56 APO.

*দরখাস্তের বয়ান আগামী সংখ্যায়*

## আই ডি বি আই ব্যাঙ্কে ম্যানেজার

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স বা ডিজিটাল ব্যাঙ্কিংয়ে বি ই বা বি টেক অথবা ইনফর্মেশন টেকনোলজিতে বি এসসি অথবা বি সি এ। সেই সঙ্গে ফিনান্স বা মার্কেটিং বা আই টি বা ডিজিটাল ব্যাঙ্কিংয়ে এম বি এ। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম:

**ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড এম আই এস:** ৩৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ডেটা অ্যানালিটিক্স শাখার ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রি-সহ স্ট্যাটিস্টিক্স বা ডেটা সায়েন্সে এম এসসি। অন্যান্য শাখার ক্ষেত্রে ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স— যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে উপরোক্ত যে-কোনও বিষয়ে এম ই বা এম টেক। ইনফর্মেশন টেকনোলজিতে এম এসসি ডিগ্রি অথবা এম সি এ ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে।অথবা যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রি-সহ ডোয়েক 'বি' লেভেল সার্টিফিকেট কোর্স পাশ। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রফেশনাল ওর‍্যাকল সার্টিফিকেট থাকলে, ডেটা অ্যানালিটিক্স, এস এ এস, পাইথন, প্রোজেক্ট ম্যানেজমেন্ট, আই টি, চ্যানেল, ডিজিটাল ব্যাঙ্কিং বিষয়ে সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**বয়স:** ১-১-২০২৩ তারিখে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৪৮,১৭০-৬৯,৮১০ টাকা।

প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.idbibank.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৬০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), সংক্ষিপ্ত জীবনপঞ্জি, যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র (৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের তিন কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হকিন্সে প্রোগ্রামার

প্রথম পাতার পর

প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজগুলি হল: সি++, সি#, এস কিউ এল, জাভা, এ এস পি-নেট, এইচ টি এম এল/সি এস এস, এক্স এম এল, পাইথন, অ্যান্ড্রয়েড, ডি এ আর টি, রিঅ্যাক্ট নেটিভ, ট্যাবলু, পাওয়ার বি আই।

বয়স: ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

বেতন: হকিন্সের বিজ্ঞপ্তি অনুসারে, ট্রেনিং চলাকালীন বার্ষিক ৮ থেকে ১০ লক্ষ টাকা। ট্রেনিং শেষে বার্ষিক ১০ থেকে ১২ লক্ষ টাকা। অভিজ্ঞরা উচ্চতর বেতনে নিয়োগ পাবেন।

**প্রার্থী বাছাই যেভাবে:** দরখাস্ত বিচার-বিবেচনার পরে প্রার্থীকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। দেশের বিভিন্ন শহরে লিখিত পরীক্ষা আয়োজিত হয়ে থাকে। লিখিত পরীক্ষায় সফল হলে মুম্বইয়ে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। মুম্বই যাতায়াতের জন্য ট্রেনের ভাড়া পাওয়া যাবে।

**আবেদনের পদ্ধতি:** আগ্রহীরা অনলাইন আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.hawkinscookers.com/Jobs অনলাইন দরখাস্তে বায়োডেটা ও 'Reasons why I am interested in joining Hawkins' শীর্ষক নিজের মতো করে ২০০ শব্দের একটি লেখা আপলোড করতে হবে। লিখতে হবে ইংরেজিতে, নিজের হস্তাক্ষরে। শিক্ষাগত যোগ্যতা, বয়স, মোবাইল ফোনের নম্বর, অভিজ্ঞতা (থাকলে) ইত্যাদি উল্লেখ করে অফলাইন দরখাস্তও জমা দেওয়া যাবে। দরখাস্তের সঙ্গে উপরোক্ত লেখাটি জুড়ে দেবেন। দরখাস্ত ভরা খামের উপর পদের নাম লিখবেন।

যত দ্রুত সম্ভব দরখাস্ত করবেন। অফলাইন দরখাস্ত ডাকে বা ক্যুরিয়ারে পাঠানোর ঠিকানা: Senior VP Personnel, Hawkins Cookers Limited, Maker Tower, F-101, Cuffe Parade, Mumbai-400 005.

# ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি

৪২ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেড। কেমিক্যাল, মেকানিক্যাল, সিভিল-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় নিয়োগ করা হবে। প্রার্থীকে অবশ্যই ২০২৩-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে ট্রেনিং হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর HRD/Rectt./Advt./2022-23/11.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ:** কেমিক্যাল ৫টি, মেকানিক্যাল ১৬টি, সিভিল ৯টি, ইলেক্ট্রিক্যাল ৭টি, ইনস্ট্রুমেন্টেশন ৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। সেই সঙ্গে ২০২৩-এর গেট পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে।

**বয়স:** ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড ৬০,০০০ টাকা। যাঁরা সফলভাবে ট্রেনিং শেষ করবেন, তাঁদের ম্যানেজমেন্ট ট্রেনি হিসেবে নিয়োগ করা হবে। তখন বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.engineersindia.com দরখাস্তের শেষ তারিখ ১৪ মার্চ।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# প্লাজমা রিসার্চে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট 'বি'

বিভিন্ন শাখায় ৫০ জন সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট 'বি' নেবে ইনস্টিটিউট ফর প্লাজমা রিসার্চ। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, ফিজিক্স, মেকানিক্যাল ও ইলেক্ট্রনিক্স শাখায় নিয়োগ করা হবে সংস্থার গুজরাতের গান্ধীনগরে। এটি তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য একটি বিশেষ নিয়োগ অভিযান। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০২/২০২৩।

**শাখা অনুসারে শূন্যপদ: পোস্ট কোড ১০২: কম্পিউটার:** ৩টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **পোস্ট কোড ১০৩: ইলেক্ট্রিক্যাল:** ১০টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। **পোস্ট কোড ১০৪: ইনস্ট্রুমেন্টেশন:** ৫টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পোস্ট কোড ১০৫: মেকানিক্যাল:** ১০টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **পোস্ট কোড ১০৬: ইলেক্ট্রনিক্স:** ১০টি (তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **পোস্ট কোড ১০৭: ফিজিক্স:** ১২টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৮)।

**শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, মেকানিক্যাল ও ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট শাখায় ডিপ্লোমা। কম্পিউটার শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি এসসি ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। ফিজিক্স শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি এসসি ডিগ্রি থাকতে হবে।

**বয়স:** ১৫-৩-২০২৩ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রার্থী বাছাইয়ের অন্যতম পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.ipr.res.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, কাস্ট বা কমিউনিটি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), ফি প্রদানের প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এবং কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (থাকলে) আপলোড করতে হবে।

শুধুমাত্র ও বি সি প্রার্থীদের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইনে এস বি আই কালেক্টের মাধ্যমে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মহাত্মা গান্ধী অন্তর্রাষ্ট্রীয় হিন্দি বিশ্ববিদ্যালয়ে প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ২২ জনকে নেবে মহারাষ্ট্রের মহাত্মা গান্ধী অন্তর্রাষ্ট্রীয় হিন্দি বিশ্ববিদ্যালয়। এটি একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর MGAHV/03/2023. যাঁরা বিজ্ঞপ্তি নম্বর MGAHV/08/2022 (তারিখ ৬-৮-২০২২) অনুসারে পূর্বে আবেদন করেছিলেন, তাঁদের পুনরায় আবেদন করতে হবে।

**শূন্যপদের বিন্যাস:** প্রফেসর: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। অ্যাসোসিয়েট প্রফেসর: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, তফসিলি জাতি-দৈহিক প্রতিবন্ধী ১)। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ৪টি (সাধারণ ১, ও বি সি ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, ও বি সি-দৈহিক প্রতিবন্ধী ১)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hindivishwa.org দরখাস্তের শেষ তারিখ ২৭ ফেব্রুয়ারি। দরখাস্ত সাবমিটের পর দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে ৪ মার্চের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বি এস এফে সাব-ইনস্পেক্টর ও কনস্টেবল

সাব-ইনস্পেক্টর এবং কনস্টেবল পদে ২২ জনকে নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। নিয়োগ করা হবে যথাক্রমে গ্রুপ 'বি' ও 'সি' ক্যাটেগরিতে।

**শূন্যপদের বিবরণ: সাব-ইনস্পেক্টর: ভেহিক্যল মেকানিক:** ৬টি (সাধারণ ৫, ও বি সি ১), **অটো ইলেক্ট্রিশিয়ান:** ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১), **স্টোর কিপার:** ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: অটোমোবাইল বা মেকানিক্যাল বা অটো ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা পাশ।

**কনস্টেবল: স্টোর কিপার টেকনিক্যাল:** ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১), **অটো ইলেক্ট্রিশিয়ান:** ৫টি (সাধারণ ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ বা ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১৩-৩-২০২৩ তারিখে সাব ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ৩০ বছর এবং কনস্টেবল পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা এবং কনস্টেবল পদের ক্ষেত্রে ২১,৭০০-৬৯,১০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rectt.bsf.gov.in দরখাস্তের শেষ তারিখ ১৩ মার্চ। প্রার্থী বাছাই পদ্ধতি ও দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Chakrir খবর


# MSME- TOOL ROOM, KOLKATA

(Central Tool Room & Training Centre)

Ministry of MSME, Govt. of India

CTTC KOLKATA
ISO 9001 : 2008
OHSAS 18001:2007
ISO 29990:2010
CERTIFIED

Bon Hooghly Industrial Area, Kolkata- 700108, Ph.: 9330193304

E-mail : cttc.msme@gov.in, Website : www.msmetoolroomkolkata.com

SC/ST FREE

## ভর্তির বিজ্ঞপ্তি

কর্মভিত্তিক দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে কারিগরী প্রশিক্ষন ও চাকুরীর সহায়তার লক্ষ্যে উৎসাহী যুবক-যুবতিদের থেকে নিম্নলিখিত N.S.Q.F অনুমোদিত কোর্স এর জন্য আবেদন ফর্ম আহ্বান করা হচ্ছে। এস.সি / এস.টি প্রার্থীদের জন্য সকল কোর্স বিনামূল্যে উপলব্ধ

**কোর্সসমুহের বিবরণ**

| Course Name | Duration | Course Fee | Eligibility |
|---|---|---|---|
| Certificate Course in CNC Turning | 6 Months | Rs. 33,000/- | 10th Passed |
| Certificate Course in CNC Milling | 6 Months | Rs. 33,000/- | 10th Passed |

**ভর্তির আবেদনের জন্য নিম্নলিখিত প্রয়োজনীয় নথি আবশ্যিক**

- আধার কার্ড (প্রতিলিপি)
- মাধ্যমিক পাশের এডমিট ও রেজাল্ট (প্রতিলিপি)
- এস.সি/এস.টি প্রার্থীদের জন্য স্বীকৃত সরকারি আধিকারিক প্রদত্ত জাতিগত শংসাপত্র (প্রতিলিপি)

এস.সি/এস.টি প্রার্থী, যারা যোগ্য (বার্ষিক পারিবারিক আয় সর্বাধিক ৩ লক্ষ) তাদের জন্য সেন্টারের নিজস্ব ক্যাম্পাস হোস্টেলে থাকা ও খাওয়া সম্পূর্ণ বিনামূল্যে, যা স্পনসর করবে পশ্চিমবঙ্গ এস.সি.এস.টি এবং ওবিসি উন্নয়ন ও অর্থ নিগম, পশ্চিমবঙ্গ সরকার (WBSCST&OBCD&FC)। ৪০% আসন মহিলা প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে।

**আবেদন পদ্ধতি ঃ**

- সেন্টারের নির্দিষ্ট আবেদন-ফর্ম সেন্টারের ট্রেনিং সেলে বিনামূল্যে পাওয়া যাবে।
- সাধারণ ক্যাটাগরির প্রার্থীদের আবেদন-ফর্ম জমার সাথে রেজিস্ট্রেশন ফি বাবদ ১২০০ টাকা জমা করতে হবে। অনলাইন অথবা অফলাইন এ টাকা জমা করা যাবে।
- এস.সি/এস.টি প্রার্থীদের কোনপ্রকার ফি জমা করতে হবে না।
- আগ্রহী প্রার্থীরা যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করুন।
- কোর্সটি সফলভাবে সমাপ্ত করার পর চাকুরির সহায়তা প্রদান করা হবে।
- ভর্তির জন্য বিশদ জানতে যোগাযোগ করুন ঃ ট্রেনিং সেল ঃ ৯৩৩০১৯৩৩০৪ / মিঃ জি.সি.দাস ঃ ৭২৭৮১৮০০৪১

**পশ্চিমবঙ্গ স্টুডেন্ট ক্রেডিট কার্ড সুবিধা পাওয়া যেতে পারে।**



GOVERNMENT OF INDIA
MINISTRY OF LABOUR AND EMPLOYMENT
DIRECTORATE GENERAL OF EMPLOYMENT

## NATIONAL CAREER SERVICE CENTRE FOR SC/ST

VRC (H) BUILDING, EN-81, SALT LAKE, KOLKATA-700091

National Career Service

Advertisement No.1

**FREE STIPENDIARY TRAINING FOR SC/ST CANDIDATES**

National Career Service Centre for SC/ST, Kolkata, Ministry of Labour & Employment (DGE) Govt.of India invites Applications from the eligible SC/ST candidates for free Stipendiary Training courses, which are likely to be commencing from 01.07.2023. During the Training Period candidate is entitled for the stipend @Rs. 1000 per month. Form for the training schemes has to collect from the "Office of the Sub-Regional Employment Officer", NCSC for SC/ST. Kolkata. The last date to submit form with photocopies of required documents is 17/04/2023(An). The details of Courses, eligibility criteria & required documents for the training programs are given as under:-

| Sl. No. | Name of Course | Duration of the course | Age limit | Minimum Qualification on | Books & Stationary | Family Income |
|---|---|---|---|---|---|---|
| 01 | Special Coaching Scheme (Stenography) | One year | 18-27 Years (as on 01/07/2023) | | | |
| 02. | 'O' Level Software Computer Training through NIELIT | One year | 18-30 Years (as on 01/07/2023) | 10+2 | Free | Rs 3.00 lakh per annum |
| 03. | 'O' Level Hardware Computer Training through NIELIT | | | | | |
| 04. | Office Automation, Accounting and Publishing Assistant through NIELIT | Six Month | | | | |
| 05 | Computer Application and Business Accounting associate through NIELIT | One year | | | | |
| 06 | Cyber Secured Web Development Associate through NIELIT | | | | | |

Required Photocopy of documents to submit with Form are:-
10th admit Card, Mark sheet, Certificate, 12th Mark sheet, Caste Certificate, Aadhar Card, Family Income certificate, 2 copies of passport size photo, State employment exchange registration card, Bank account details (front page of Passbook).
N.B.- It is mandatory to link Bank account with aadhar to credit stipend)

For details please contact (Monday - Friday Time:-10am-5pm):-The Sub-Regional Employment Officer, NCSC for SC/ST, Kolkata, VRC (H) Building, EN-81, Sector-5, Salt Lake, Kolkata-700091. Phone: 033-23572008 M-7605083720, Email-cgc.kolkata@gmail.com

Advertisement No.2

**ATTENTION TO COMMERCIAL INSTITUTE**

" Sub-Regional Employment Officer, National Career Service Centre for SC/ST, Kolkata, Govt. of India Min. of Labour & Employment, DGE invites applications from Commercial institutes of Kolkata for imparting coaching to be started from 01.07.23 to SC/ST Jobseekers in General English, General Awareness and Training in Shorthand and Typing on computer for competitive examination for group "C" and equivalent Posts conducted by Staff Selection Commission and other Recruitment agencies.

**Application with details of infrastructure should reach this office on or be for 31st March 2023. Details may be collected from Office of the Sub-Regional Employment Officer, NCSC for SC/ST, Kolkata, VRC (H) Building, EN-81, Sector-V, Salt Lake, Kolkata-700091, and Phone: (033)2357-2008, M-7605083720 on any working day or email to : cgc.kolkata@gmail.com.

# কারেন্ট অ্যাফেয়ার্স

২১ জানুয়ারি-৩০ জানুয়ারি

**২১ জানুয়ারি** স্কুলের নিয়োগে অযোগ্য প্রার্থীদের চাকরি পাইয়ে দেওয়ার বিনিময়ে রাজ্যের শাসক দলের যুবনেতা কুন্তল ঘোষ প্রায় ৩০ কোটি টাকা তুলেছেন বলে আদালতে দাবি করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। এই মামলায় কুন্তলকে গ্রেপ্তার করেন ইডি-র অফিসারেরা। এদিন বিশেষ আদালতে কুন্তলকে হেফাজতে নেওয়ার আর্জি জানায় ইডি। বিচারক কুন্তলকে ১৪ দিনের ইডি হেফাজতে পাঠিয়েছেন। আদালত থেকে বেরনোর পথে যুব তৃণমূলের রাজ্য সম্পাদক কুন্তল বলেন, এই ঘটনার সঙ্গে কোনওভাবে যেন তাঁর দলকে না জড়ানো হয়।

## ভারত জোড়ো প্রথম পর্বে ইতি টানলেন রাহুল




**৩০ জানুয়ারি:** শ্রীনগরে পৌঁছে 'ভারত জোড়ো' যাত্রার প্রথম পর্বের ইতি টানলেন রাহুল গান্ধী। ৭ সেপ্টেম্বর কন্যাকুমারী থেকে হাঁটতে শুরু করেছিলেন তিনি। গত পাঁচ মাসে ১২টি রাজ্য এবং দু'টি কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে দিয়ে প্রায় ৪ হাজার কিলোমিটার পথ পেরিয়ে শ্রীনগর পৌঁছন রাহুল। বিদ্বেষ, বিভাজনের রাজনীতির বিরুদ্ধে দেশকে একজোট করার লক্ষ্যেই ভারত জোড়ো যাত্রার ডাক দেওয়া হয়েছিল। কন্যাকুমারী থেকে কাশ্মীরের এই ১৩৫ দিনের যাত্রাপথে ১০০-রও বেশি কর্নার মিটিং করেছেন রাহুল। যাত্রা শেষের অনুষ্ঠানে ২১টি দলকে এদিন আমন্ত্রণ জানিয়েছিল কংগ্রেস। তবে ১২টি দল প্রতিনিধি পাঠিয়েছে বলে সূত্রে প্রকাশ। তৃণমূল, এসপি, টিডিপি অবশ্য আগেই প্রতিনিধি পাঠাবে না বলে জানিয়ে দিয়েছিল।

**২২ জানুয়ারি** চিনের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) জানাল, ১৩ জানুয়ারি থেকে ১৯ জানুয়ারির মধ্যে সে দেশে ১৩ হাজার কোভিড পজিটিভ মারা গিয়েছেন। এর সঙ্গে সঙ্গে এটাও জানা গিয়েছে করোনার নতুন ঢেউয়ে ইতিমধ্যেই দেশের ৮০ শতাংশ মানুষ আক্রান্ত হয়েছেন বলে দাবি করেছে চিনা স্বাস্থ্য কমিশন। তবে চিনা স্বাস্থ্য বিশেষজ্ঞরা দাবি করেছেন দেশের ১১০ কোটি মানুষ যেহেতু ইতিমধ্যেই করোনায় আক্রান্ত হয়ে গিয়েছেন তাই আগামী কয়েক মাসের মধ্যে করোনার বড় রকমের ঢেউ আছড়ে পড়ার সম্ভাবনা কম।

**২৩ জানুয়ারি** নেতাজি সুভাষচন্দ্রের ১২৬তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে মেজর সোমনাথ শর্মা, ক্যাপ্টেন বিক্রম বাত্রার মতো পরমবীর চক্র প্রাপকদের নামে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ২১টি অনামি দ্বীপের নামকরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নয়াদিল্লি থেকে ভিডিয়ো কনফারেন্সিংয়ের মাধ্যমে এদিনের অনুষ্ঠানে যোগ দেন মোদী। নেতাজিকে শ্রদ্ধা জানাতেই ২০২১ সালের ২৩ জানুয়ারি দিনটিকে 'পরাক্রম দিবস' হিসাবে পালন করার কথা ঘোষণা করে মোদী সরকার।

## অস্ট্রেলিয়ান ওপেন জিতলেন সাবালেঙ্কা ও জকোভিচ



**২৮ জানুয়ারি:** অস্ট্রেলিয়ান ওপেনে মেয়েদের সিঙ্গলস খেতাব জিতলেন বেলারুশের অ্যারিনা সাবালেঙ্কা। মেলবোর্নে প্রতিযোগিতার ফাইনালে গত উইম্বলডন চ্যাম্পিয়ন এলেনা রাইবাকিনাকে ৪-৬, ৬-৩, ৬-৪ ফলাফলে হারালেন সাবালেঙ্কা। তবে নিজের দেশের পতাকা ছাড়াই তাঁকে খেলতে হল। ইউক্রেন যুদ্ধে রাশিয়ার সঙ্গী বেলারুশ। তাই রাশিয়ান ও বেলারুশিয়ানদের গ্র্যান্ড স্লামে খেলতে হচ্ছে নিজেদের পতাকা ছাড়াই। অন্যদিকে, ২৯ জানুয়ারি স্তেফানোস সিসিপাসকে হারিয়ে দশমবার অস্ট্রেলিয়ান ওপেন চ্যাম্পিয়ন হলেন নোভাক জকোভিচ। ম্যাচের স্কোর জকোভিচের পক্ষে ৬-৩, ৭-৬, ৭-৬। এদিন তিনটি নজির গড়লেন জকোভিচ। রাফায়েল নাদালের (ফরাসি ওপেন) পরে জকোভিচ কোনও গ্র্যান্ড স্লাম ১০বার জিতলেন। বছরের শুরুতেই ফিরে পেলেন এটিপি ক্রমতালিকায় এক নম্বর স্থান। একই সঙ্গে ২২ গ্র্যান্ড স্লাম জিতে ছুঁয়ে ফেললেন নাদালকে।



"আমরা পুরোপুরি স্বচ্ছতা বজায় রাখতে চাই। যদি আমরা এই মুখবন্ধ খামে আপনাদের সরকারের পরামর্শ গ্রহণ করি, তা হলে সেটা মামলাকারীদের অগোচরে থাকবে এবং মানুষ ভাববে এটা সরকার নিযুক্ত কমিটি।"

ডি ওয়াই চন্দ্রচূড়, *সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি*

আদানি গোষ্ঠীর বিরুদ্ধে প্রতারণা ও শেয়ার দরে কারচুপির অভিযোগ নিয়ে সুপ্রিম কোর্টের পরবর্তী পদক্ষেপ কী হবে, তা নিয়ে মুখবন্ধ খামে সরকারের 'পরামর্শ' খারিজ করে দিয়ে

**রাজ্যের প্রাক্তন বিধায়ক এবং পিডিএস-**এর অন্যতম প্রতিষ্ঠাতা ও প্রাক্তন সভাপতি সুভাষ বসু প্রয়াত হলেন। 'অল বেঙ্গল কন্ট্রাক্ট সিকিউরিটি ওয়ার্কার্স ইউনিয়ন'-এর সভাপতি ছিলেন তিনি।

**২৪ জানুয়ারি** নিউ জিল্যান্ডকে ৩-০ হারিয়ে একদিনের সিরিজ জিতে নিল ভারত। ভারতে ওয়ান ডে-র একনম্বর হয়ে এসেছিল নিউ জিল্যান্ড। রায়পুরে দ্বিতীয় ম্যাচে হারের পরই প্রথম স্থানের তকমা উঠেছিল ইংল্যান্ডের মাথায়। এদিন ইন্দোরে নিউ জিল্যান্ডকে হোয়াইট ওয়াশ করে একদিনের ক্রিকেটের শীর্ষস্থানটি দখল করে নিল ভারত। এদিন প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ৯ উইকেটে ৩৮৫ রান তোলে ভারত। নিউ জিল্যান্ডের ইনিংস ৪১.২ ওভারে ২৯৫ রানে শেষ হয়ে যায়। ভারতের হয়ে রোহিত শর্মা (১০১) এবং শুবমান গিল (১১২) জোড়া সেঞ্চুরি করেন। তিন ওয়ান ডে-র সিরিজে ৩৬০ রান করে সিরিজের সেরা হলেন শুবমান। ২০১৬ সালে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টানা তিন সেঞ্চুরিতে বাবর আজমের ৩৬০ এতদিন ছিল সর্বোচ্চ। সেই নজির ছুঁলেন শুবমান।

**২৫ জানুয়ারি** ভোট রাজনীতি থেকে সরে দাঁড়ালেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী ও সিপিআইএম নেতা মানিক সরকার। জানালেন আসন্ন বিধানসভা নির্বাচনে প্রার্থী হবেন না সে রাজ্যের বর্তমান বিরোধী দলনেতা। মানিক ভোটে প্রার্থী না হওয়ায় তিনি সারা রাজ্যে আরও বেশি প্রচার করতে পারবেন বলে সিপিএমের বক্তব্য। উল্লেখ্য, ত্রিপুরায় এবার বাম-কংগ্রেস জোট হয়েছে। ১৩টি আসন কংগ্রেসের জন্য ছেড়ে রেখে ৪৩ আসনে লড়বে সিপিএম।

**প্রয়াত হলেন ভারতের আধুনিক** স্থাপত্যের পথ প্রদর্শক বালকৃষ্ণ দোশী (৯৫)। ভারতে আধুনিক স্থাপত্যের পাশাপাশি পাশ্চাত্যের 'ব্রুটালিস্ট আর্কিটেকচার'ও এদেশে চালু করেছিলেন দোশী। ২০১৮ সালে 'প্রিজকার' পুরস্কারে ভূষিত হন তিনি, যেটাকে স্থাপত্যে নোবেল পুরস্কারের সমকক্ষ বলে গণ্য করা হয়। ২০২০ সালে ভারতের দ্বিতীয় সর্বোচ্চ সম্মান পদ্মবিভূষণে সম্মানিত করা হয় তাঁকে। এছাড়া রেবা অ্যাওয়ার্ড, আগা খান অ্যাওয়ার্ডও পেয়েছেন। আমেদাবাদ থেকেই নিজের কর্মজীবন শুরু করেছিলেন। সেখানে 'টেগোর মেমোরিয়াল হল', 'আমদাবাদ নি গুফা' তাঁর অসাধারণ স্থাপত্যকীর্তির অন্যতম নিদর্শন। বেঙ্গালুরু আইআইএম, হায়দরাবাদের ইসিআইএল টাউনশিপ, দিল্লির 'ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি'ও তাঁর প্ল্যানিংয়ে তৈরি।

**২৬ জানুয়ারি** প্রজাতন্ত্র দিবসেই বাজারে চলে এল নাকে নেওয়ার কোভিড-টিকা ইনকোভ্যাক। প্রস্তুতকারী সংস্থা ভারত বায়োটেক। আগেই ইঞ্জেকশন মারফত নেওয়ার প্রতিষেধক কোভ্যাক্সিন বাজারে এনেছে তারা। প্রজাতন্ত্র দিবসে এই টিকা আনুষ্ঠানিক ভাবে আত্মপ্রকাশ করে স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মাণ্ডবিয়ার হাত ধরে। স্বাস্থ্যমন্ত্রক জানিয়েছে কোভ্যাক্সিন বা কোভিশিল্ডের দু'টি টিকা নিয়েছেন এমন প্রাপ্তবয়স্ক ব্যক্তিরা তৃতীয় বা বুস্টার ডোজ হিসেবে নাকে নেওয়ার এই নতুন প্রতিষেধক নিতে পারবেন। সরকারি হাসপাতালে এই টিকার দাম ৩২৫ টাকা। বেসরকারি স্বাস্থ্যকেন্দ্রে ৮০০ টাকা। সঙ্গে ৫% জিএসটি মিলিয়ে দাম ৮৪০ টাকা।

## প্রকাশ্যে খুন ওড়িশার মন্ত্রী



**২৯ জানুয়ারি:** ওড়িশায় রক্ষীর গুলিতেই প্রকাশ্যে খুন হলেন সে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী নবকিশোর দাস (৬০)। ঝাড়সুগুড়ার ব্রজরাজ নগরে একটি পাবলিক গ্রিভ্যান্স অফিসের উদ্বোধনে গিয়েছিলেন নবকিশোর। তাঁকে স্বাগত জানাতে হাজির ছিলেন অসংখ্য মানুষ। গাড়ি থেকে নামতেই গুলিবিদ্ধ হন তিনি। মন্ত্রীকে গুলি করে পালাতে গিয়ে ধরা পড়ে যান পুলিশের অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর (এএসআই) গোপাল দাস। এএসআই নিজেই অনুষ্ঠানের নিরাপত্তার দায়িত্বে ছিলেন। মন্ত্রীকে তড়িঘড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হলেও বাঁচানো যায়নি।

Chakri খবর

**২৭ জানুয়ারি** 'সিন্ধু জলবণ্টন চুক্তি'তে বদল চেয়ে পাকিস্তানকে নোটিস পাঠাল ভারত। সূত্রের খবর অনুযায়ী সিন্ধু জলবণ্টন চুক্তি কার্যকরের ব্যাপারে পাকিস্তানের অনীহাকে দোষারোপ করেই ২৫ জানুয়ারি এই নোটিস পাঠিয়েছে ভারত। সিন্ধুনদের উপর ভারতের কিষেনগঙ্গা এবং রাতলে জলবিদ্যুৎ প্রকল্প নিয়ে গত পাঁচ বছর ধরে ভারত-পাকিস্তান বিরোধ চলছে। পাকিস্তানের অভিযোগ, ভারতের প্রকল্পের ফলে সিন্ধুনদের জল আটকে পাকিস্তানের সেচব্যবস্থা ক্ষতিগ্রস্ত হবে। ভারতের দাবি, ২০১৭ থেকে ২০২২ পর্যন্ত 'স্থায়ী সিন্ধু কমিশন'-এর পাঁচটি বৈঠকে এই প্রকল্পের বিষয়ে পাকিস্তান আলোচনা করতে চায়নি। বাধ্য হয়েই তাই পাকিস্তানকে নোটিস পাঠাতে হয়েছে।

**আইসিসির বিচারে বর্ষসেরা টেস্ট** ক্রিকেটারের সম্মান পেলেন বেন স্টোকস। ছেলেদের ক্রিকেটে আইসিসির বর্ষসেরা ক্রিকেটারের স্বীকৃতি পেয়েছেন পাকিস্তানের অধিনায়ক বাবর আজম। তিনি পেয়েছেন কিংবদন্তি স্যার গ্যারফিল্ড সোবার্সের নামাঙ্কিত ট্রফি। মেয়েদের ক্রিকেটে সেরা ইংল্যান্ডের ন্যাট স্কিভার। গতবছর টেস্টে ৮৭০ রান সহ ২৬টি উইকেটও নিয়েছিলেন স্টোকস। আইসিসি-র সেরা টেস্ট টিমের অধিনায়কও হয়েছেন তিনি।

করেন। কেন্দ্র সরকারের এই সিদ্ধান্তকে অনেকেই ইসলামি ইতিহাস মুছে দিয়ে হিন্দুত্ব আরোপের প্রয়াস বলে বর্ণনা করেছেন। রাষ্ট্রপতির ডেপুটি প্রেস সচিব নবিকা গুপ্তর বক্তব্য, মুঘল ও পার্সি বাগানের দ্বারা অনুপ্রাণিত তিনটি বাগান রয়েছে রাষ্ট্রপতি ভবনে। ১৫ একরের এই বিশাল বাগানের একত্রিত ভাবে কোনও

## পদ্ম সম্মান ২০২৩



*উপরে বাঁদিক থেকে: দিলীপ মহলানবীশ, ধনীরাম টোটো, মঙ্গলাকান্তি রায় ও মুলায়ম সিং যাদব*
*নীচে বাঁদিক থেকে: জাকির হুসেন, কে এম বিড়লা ও সুধা মূর্তি*

**২৫ জানুয়ারি:** প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে এবছরের পদ্ম সম্মান প্রাপকদের তালিকা প্রকাশিত হল। এবছর ১০৬ জনকে পদ্ম সম্মান প্রদান করা হয়েছে। বাংলা থেকে বেশ কয়েকজনের নাম রয়েছে তালিকায়। মরণোত্তর পদ্মবিভূষণে সম্মানিত হয়েছেন ওআরএসের জনক, বাঙালি চিকিৎসক দিলীপ মহলানবীশ। টোটো হরফ ও অক্ষর তৈরির ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য এবছর পদ্মশ্রী পেয়েছেন উত্তরবঙ্গের টোটো সাহিত্যিক ধনীরাম টোটো। পশ্চিমবঙ্গের প্রবীণ লোকসঙ্গীত শিল্পী, জলপাইগুড়ির ১০২ বছর বয়সি মঙ্গলাকান্তি রায়ও পদ্মশ্রী পেলেন। সমাজবাদী পার্টির প্রয়াত শীর্ষনেতা মুলায়ম সিং যাদব মরণোত্তর পদ্মবিভূষণে সম্মানিত হয়েছেন। কলাক্ষেত্রে পদ্মবিভূষণ পেয়েছেন তবলাশিল্পী জাকির হুসেন। বাণিজ্য ও শিল্পক্ষেত্রে পদ্মভূষণে সম্মানিত করা হয়েছে শিল্পপতি কে এম বিড়লাকে এবং সামাজিক কাজের জন্য এবছর পদ্মভূষণ পাচ্ছেন সুধা মূর্তি।

**ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দলের দায়িত্ব** নিতে ডাক পেলেন কিংবদন্তি ব্রায়ান চার্লস লারা। সেদেশের ক্রিকেট বোর্ডের ডিরেক্টর জিমি অ্যাডামস বলেছেন, 'আমরা লারাকে জাতীয় টিমের পারফরম্যান্স মেন্টর করলাম। সঙ্গে দেশের ক্রিকেটের উন্নয়নে জাতীয় অ্যাকাডেমির পরিকল্পনাও করবেন তিনি।' শুধু তাই নয় বলা হচ্ছে আগামী বিশ্বকাপের স্ট্র্যাটেজিক প্ল্যানিং করবেন লারা। দেশের সমস্ত কোচ ও ক্রিকেটারদের মধ্যে সমন্বয়ের কাজও করবেন তিনি। লারাও জানিয়েছেন এভাবেই তিনিও তাঁর অভিজ্ঞতাকে দেশের ক্রিকেটের স্বার্থে কাজে লাগাতে চান।

**২৮ জানুয়ারি** দিল্লির রাষ্ট্রপতি ভবন সংলগ্ন বাগান 'মুঘল গার্ডেন্স'-এর নাম পালটে হল 'অমৃত উদ্যান'। স্বাধীনতার ৭৫ বছরে 'আজাদি কা অমৃত মহোৎসব'-এর অংশ হিসেবে এই বাগানের নতুন নামকরণ করল সরকার। ২৯ জানুয়ারি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু 'অমৃত উদ্যান'-এর দ্বারোদ্ঘাটন নাম এতদিন ছিল না। শ্রীনগরের 'মুঘল গার্ডেন্স'-এর সঙ্গে তুলনা করে এই বাগানকেও 'মুঘল গার্ডেন্স' বলে উল্লেখ করা হতো। সেইভাবে দেখতে গেলে স্যার এডুইন লুটিয়েন্সের তৈরি উদ্যানের নামকরণ হল স্বাধীনতার অমৃতকালে।

**বিচারপতি নিয়োগের ক্ষমতা কার হাতে** থাকবে এই নিয়ে চলতে থাকা কেন্দ্র-কলেজিয়াম সংঘাতে এবার সরব হলেন সুপ্রিম কোর্টেরই প্রাক্তন বিচারপতি ফলি আর নরিম্যান। কলেজিয়াম প্রস্তাবিত নাম বিবেচনায় কেন্দ্রের ঢিলেমি 'গণতন্ত্রের পক্ষে ভয়াবহ' বলেও মন্তব্য করেন প্রাক্তন সুপ্রিম-বিচারপতি। তাঁর মতে, স্বাধীন বিচার ব্যবস্থায় সরকারের নাক গলানো দেশকে অন্ধকারে ঠেলার সামিল। উল্লেখ্য, সংবিধানের উপর দখলদারির মতো অভিযোগ থেকে শুরু করে কেন্দ্রের 'গোপন' রিপোর্ট প্রকাশ নিয়ে শীর্ষ আদালতের বিরুদ্ধে কয়েকদিন ধরেই ধারাবাহিক সমালোচনা করে আসছেন কেন্দ্রীয় আইনমন্ত্রী কিরেন রিজিজু। তার পরেই মুখ খুললেন প্রাক্তন বিচারপতি।

## মেয়েদের অনূর্ধ্ব-১৯ টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতল ভারত



**২৯ জানুয়ারি:** মেয়েদের অনূর্ধ্ব-১৯ টি-টোয়েন্টি বিশ্বকাপ চ্যাম্পিয়ন হল ভারত। পোচেস্ট্রুমে আয়োজিত ফাইনালে ইংল্যান্ডকে ৭ উইকেটে হারাল তারা। ফাইনালে সেরা হলেন বাংলার তিতাস সাধু। চার ওভারে মাত্র ছয় রান দিয়ে ২ উইকেট নিয়েছে তিতাস। ইংল্যান্ডের মেয়েরা শুরুতে ১৭.২ ওভারে মাত্র ৬৮ রান তুলেছিল। সেই রান মাত্র ১৪ ওভারেই তুলে ফেলল ভারত (৬৯-৩)। ২০-২ অবস্থা থেকে ঠান্ডা মাথায় ম্যাচ বের করে আনেন সৌমা তিওয়ারি (২৪ অপরাজিত) ও গঙ্গাদি তৃষা (২৪)। শ্বেতা শেহরওয়াত ২৯৩ রান করে প্রতিযোগিতার সেরা হয়েছেন।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## ফুড টেকনোলজি ও ম্যানেজমেন্টের স্নাতক ও স্নাতকোত্তর কোর্স



ফুড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট-সংক্রান্ত স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এবং এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফুড টেকনোলজি অন্ত্রেপ্রেনারশিপ অ্যান্ড ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রের খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান।

কোর্সের বিবরণ: বি টেক ইন ফুড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট: আসনসংখ্যা ১৮০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে ২০২৩-এর জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেইনস) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে জয়েন্ট সিট অ্যালোকেশন অথরিটি বা সেন্ট্রাল সিট অ্যালোকেশন বোর্ড এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়মানুসারে।

এম টেক ইন (১) ফুড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (২) ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট (৩) ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি ম্যানেজমেন্ট (৪) ফুড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট (৫) ফুড প্লান্ট অপারেশনস ম্যানেজমেন্ট। আসনসংখ্যা বিষয় প্রতি ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল শাখায় চার বছরের স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। সঙ্গে ২০২৩-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। গেট পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

এম বি এ ইন ফুড অ্যান্ড এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট এবং মার্কেটিং/ফিনান্স/ইন্টারন্যাশনাল বিজনেস। আসনসংখ্যা ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। প্রার্থী বাছাই করা হবে ২০২১ বা ২০২২-এর ক্যাট বা ম্যাট পরীক্ষা অথবা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রাপ্ত স্কোর, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.niftem.ac.in এম বি এ ও এম টেক কোর্সে আবেদন করা যাবে ১ মে থেকে ২০ জুন পর্যন্ত। বি টেক কোর্সে আবেদনের শেষ তারিখ এখনও জানানো হয়নি।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)।

আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেলের বি বি এ ও এম বি এ কোর্স

ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেলের বি বি এ এবং এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেল ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত প্রতিষ্ঠান। কোর্স শুরু হবে জুলাইয়ে। কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় ইন্দিরা গান্ধী ন্যাশনাল ট্রাইবাল ইউনিভার্সিটির সঙ্গে যৌথভাবে কোর্সটি পড়ানো হবে প্রতিষ্ঠানের ভুবনেশ্বর, গোয়ালিওর, নয়ডা, নেল্লোর এবং গোয়া ক্যাম্পাসে।

**বি বি এ ইন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম:** মোট আসনসংখ্যা: ৩৭৫টি। নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক। **বয়স:** ১-৭-২০২৩ তারিখ অনুসারে ২২ বছরের মধ্যে হতে হবে। **কোর্স ফি:** ২,৭৯,৩৫০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত। **কোর্সের মেয়াদ:** তিন বছর।

প্রার্থী বাছাই করা হবে জাতীয় স্তরের আয়োজিত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৪, ১১, ১৮ ও ২৫ জুন। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

**এম বি এ ইন ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেল ম্যানেজমেন্ট:** মোট আসনসংখ্যা ৭৫০টি। নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে ক্যাট বা ম্যাট বা সি-ম্যাট বা জি-ম্যাট বা এ টি এম এ বা জেভিয়ার্স অ্যাডমিশন টেস্টে (জ্যাট) উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণ করে থাকতে হবে। **বয়স:** ১-৭-২০২৩ তারিখ অনুসারে ২৭ বছরের মধ্যে হতে হবে। **কোর্স ফি:** ৩,৩৯,৮৫০ টাকা। **কোর্সের মেয়াদ:** ২ বছর।

প্রার্থী বাছাই করা হবে উপরোক্ত পরীক্ষার মধ্যে যে-কোনও একটিতে প্রাপ্ত নম্বর, গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রবেশিকা পরীক্ষা ৪ জুন।

বয়সে উভয়ক্ষেত্রেই তফসিলিরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

নির্বাচিত কিছু ছাত্রছাত্রী স্কলারশিপ পাবেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.iittm.ac.in আবেদনের শেষ তারিখ ৩১ মে। আবেদনের সময় প্রার্থীর ফটো ও সই স্ক্যান করে আপলোড করতে হবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

RECRUITMENT NOTICE
Gitanjali College of Pharmacy
Affiliated to MAKAUT, WBSCT, VE and SD, Approved by PCI
Applications are invited to eligible candidates fulfiling PCI norms for the following vacant posts :
• Professor • Associate Professor • Assistant Professor
• Admission Councillor • Marketing Manager : PGD – Marketing / MBA – Marketing (3 Years Experience)
Application comprising of comprehensive resume be sent to gitanjali.cp@gmail.com within 7 (Seven) days of the date of publication.
www.gitanjalicollegegroup.org | Inquiry : +91 9734892617
Lohapur, NH-60, Nalhati, Birbhum, 731237, WB

# স্কলারশিপের খোঁজখবর

## সি এফ স্পার্কল ইনক্লুসিভ স্কলারশিপ প্রোগ্রাম ফর হায়ার এডুকেশন

তরুণী, দৈহিক প্রতিবন্ধী ও রূপান্তরকামী ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার জন্য স্কলারশিপ দিচ্ছে কগনিজেন্ট ফাউন্ডেশন। প্রার্থীকে আর্টস, সায়েন্স, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্সের মধ্যে যে-কোনও শাখার ডিগ্রি কোর্স বা ভোকেশনাল শাখা বা প্যারামেডিক্যাল বা অ্যালায়েড হেলথ সায়েন্সেসের বিভিন্ন শাখায় ডিপ্লোমা বা ডিগ্রি কোর্সের প্রথম বর্ষে পাঠরতরা আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে। **স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি সর্বাধিক ৭৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/CFSI1 আবেদন করা যাবে ৫ মার্চ পর্যন্ত।

## জে এন টাটা এনডাওমেন্ট স্কলারশিপ ২০২৩-২৪

বিদেশে উচ্চশিক্ষায় আগ্রহী স্নাতকোত্তীর্ণ ছাত্রছাত্রীদের লোন-স্কলারশিপ দিচ্ছে টাটা ট্রাস্ট। পোস্ট-গ্র্যাজুয়েশন বা ডক্টরাল বা পোস্ট-ডক্টরাল পড়তে আগ্রহীরা আবেদন করতে পারেন। **আবেদনের যোগ্যতা:** স্নাতকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সমাপ্তি বর্ষের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। ৩০-৬-২০২৩ তারিখে বয়স হতে হবে ৪৫ বছরের মধ্যে। **স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ১০ লাখ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/JNT6 আবেদনের শেষ তারিখ ৭ মার্চ।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

A Unit of Techno India Group
TECHNO GLOBAL MULTISPECIALITY HOSPITAL
QUALITY AFFORDABILITY TRANSPARENCY
Salt Lake
A unit of Subodh Mitra Memorial Trust
TECHNO INDIA GROUP
COME ON BOARD TO ENHANCE OUR QUALITY!
Apply Now
Medical Practitioner
DNB/MD/MS Doctors for Internal Medicine I General & GI Surgery I Orthopaedics Gastroenterology Gynaecology I Endocrinology
Nursing Superintendent
Experience: 15-20 years
MSc. Nursing preferred with knowledge of infection control
somas@technoglobalhospital.com
98317 79777
24x7 EMERGENCY
033 2335 2515

Chakrir খবর

GNIHM
JIS GROUP
GURU NANAK INSTITUTE OF HOTEL MANAGEMENT
JIS GROUP Educational Initiatives
PRESENTS
WORLD'S BIGGEST FOOD COMPETITION 2023
40+ Countries | 160+ Global Participants | 12+ Judges
21ST - 24TH FEBRUARY | GNIHM CAMPUS
FRUIT CARVING | MIX - O - COM
CAKE ICING | STUDENT CHEF
WFC23
WORLD FOOD COMPETITION

157/F, Nilgunj Road, Panihati, Near Sodepur Railway Station, Kolkata 700114
+91 98361 06964 / +91 93309 06150

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. In the following question, some part of the sentence may have errors. Find out which part of the sentence has an error and select the appropriate option. If a sentence is free from error, select 'No error'.
He did not go 1/to the temple on foot 2/ he went there by the car. 3/ No Error 4
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
2. In the following question, some part of the sentence may have errors. Find out which part of the sentence has an error and select the appropriate option. If a sentence is free from error, select 'No error'.
She ascended 1/to the throne 2/at the early age of seven. 3/No Error 4
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
3. In the following question, the sentence given with blank to be filled in with an appropriate word.
Select the correct alternative out of the four and indicate it by selecting the appropriate option.
Neha's mother was annoyed with her as she could not _____ her examination.
(a) Get off (b) Get on (c) Get upon (d) Get through
4. In the following question, the sentence given with blank to be filled in with an appropriate word.
Select the correct alternative out of the four and indicate it by selecting the appropriate option.
I shall _____ her if she apologises to me for her misbehavior.
(a) pardon (b) forgive (c) punish (d) reprimand
5. In the following question, out of the four alternatives, select the word similar in meaning to the word given.
Ebullient
(a) Deceitful (b) Insincerity (c) Enthusiastic (d) Prejudice
6. In the following question, out of the four alternatives, select the word similar in meaningto the word given.
Truculent
(a) Ferocious (b) Luxurious (c) Luscious (d) Delicious
7. In the following question, out of the four alternatives, select the word opposite in meaning to the word given.
Niggardly
(a) Mingy (b) Inefficient (c) Generous (d) Sinful
8. Use suitable auxiliary verb to fill in the blank space:
She ____ sit for hours listening to the wireless.
(a) will (b) would (c) can (d) could
9. Fill in the blank with an infinitive:
_____ is worth ambition.
(a) To borrow (b) To reign (c) To repent (d) To cry
10. Fill in the blanks with relative pronoun:
He is here, _____ is fortunate.
(a) who (b) whose (c) which (d) that
11. Edmund Burke had a wonderful gift of the gap.
Gift of the gap means:
(a) Intelligence (b) Humanity (c) Eloquence (d) Goodness
12. Fill in the blanks with an appropriate participle. Weather ____ , there will be a garden party at Government House tomorrow.
(a) Allowing (b) Permitting (c) Happening (d) Favourable
13. Fill in the blanks with a suitable word:
This is the ____ Post Office to my house.
(a) Farthest (b) Next (c) Nearest (d) Closest
14. Fill in the blank with a suitable word:
I can't walk any_____.
(a) Farther (b) Further (c) Distance (d) Far
15. Select the correct meaning of the idiom underlined below:
There's no love lost between them.
(a) Avoid (b) Not on good terms (c) Challenge (d) Quarrel
16. Choose the word opposite in meaning to the word underlined below:
The appearance of the stranger was forbidding.
(a) Warm (b) Kind (c) Friendly (d) Amiable
17. Select the correct meaning of the idiom underlined below:
The belief in witchcraft is losing ground.
(a) Becoming less acceptable (b) Becoming popular (c) Becoming powerful (d) Losing principle
18. Fill in the blank with appropriate participle.
The _____ door awakened the dog.
(a) creaking (b) old (c) new (d) waving
19. The expression 'to take stock of ' means:
(a) to question (b) to argue (c) to survey (d) to manipulate
20. Fill in the blanks with an appropriate preposition.
The crew were _____ the ship for a month.
(a) on board (b) a board (c) on (d) off
21. Choose the word opposite in meaning to the word underlined below:
People responded to the leader's speech with shouts of ecstasy.
(a) Despondency (b) Despair (c) Disagreement (d) Displeasure
22. Put in a correct participle in the blanks space.
The sea ____ , we went for sail.
(a) Being rough (b) Disturbed (c) Being kind (d) Being smooth
23. Choose the correct meaning of the word from the alternatives given below:
Quintessential
(a) Most typical example (b) Most wanted thing (c) Most popular (d) Most utilized
24. In a moment of hurry, the files have been ____ by Hamilton. (Insert correct phrasal verb)
(a) cast about (b) cast out (c) cast up (d) cast aside
25. Choose the right word for love of oneself.
(a) Hedonism (b) Masochism (c) Narcissism (d) Sadism
26. পশ্চিমবঙ্গের সর্বোচ্চ শৃঙ্গটি নীচের কোন পর্বতশ্রেণির অন্তর্ভুক্ত?
(a) দার্জিলিং পর্বতশ্রেণি (b) সিঙ্গালীলা পর্বতশ্রেণি (c) জয়ন্তী পাহাড় (d) কোনওটিই নয়
27. লোকসভার পাবলিক অ্যাকাউন্টস কমিটির সদস্য সংখ্যা:
(a) 7 (b) 10 (c) 15 (d) 20
28. অনুপের মাইনে বরুণের থেকে 30% বেশি, বরুণের মাইনে অনুপের থেকে শতকরা কত কম?
(a) 26.12% (b) 21.23% (c) 23.07% (d) 27.03%
29. কিছু টাকা ব্যাংকে সরল সুদে রাখা হল যা 4 বছরের সুদে-আসলে 1240 টাকা হল এবং 10 বছরে সুদে-আসলে 1600 টাকা হল। আসল নির্ণয় করুন।
(a) 1000 টাকা (b) 800 টাকা (c) 1950 টাকা (d) 1100 টাকা
30. ডান্ডি মার্চ-এর সঙ্গে শুরু হয়:
(a) হোমরুল আন্দোলন (b) অসহযোগ আন্দোলন (c) আইন অমান্য আন্দোলন (d) ভারতছাড়ো আন্দোলন
31. বিজয়নগর সাম্রাজ্যের ধ্বংসাবশেষ কোথায় দেখতে পাওয়া যায়?
(a) বিজাপুর (b) গোলকুণ্ডা (c) হাম্পি (d) বরোদা
32. শিলং মালভূমি 'মেঘালয়' নামে পরিচিত। কোন ব্যক্তি এই নামকরণ করেছিলেন?
(a) ও এইচ কে স্পেট (b) এস পি চ্যাটার্জি (c) ডি এস ওয়াদিয়া (d) আর এল সিং
33. 1907 সালে 'স্যার কার্জন উইলিকে' কে হত্যা করেন?
(a) বি এন দত্ত (b) এম এল ধিংড়া (c) সর্দার অজিত সিং (d) এস সি চ্যাটার্জি
34. রাধিকা তার বাড়ির দক্ষিণে 50m যাওয়ার পর বাঁদিকে ঘুরল এবং 20m গেল। তারপর উত্তরদিকে ঘুরে 30m গেল এবং তারপর বাড়ির দিকে হাঁটতে শুরু করল। এখন সে কোন দিকে হাঁটছে?
(a) উত্তর (b) দক্ষিণ-পূর্ব (c) উত্তর-পশ্চিম (d) পশ্চিম
35. প্রাকৃতিক তেজস্ক্রিয়তা আবিষ্কার করেন:
(a) মেরি কুরি (b) আর্নেস্ট রাদারফোর্ড (c) হেনরি বেকারেল (d) এনরিকো ফার্মি
36. ভারতের জাতীয় কংগ্রেসের 'জনক' বলে কাকে অভিহিত করা হয়?
(a) মহাত্মা গান্ধী (b) এ ও হিউম (c) লোকমান্য তিলক (d) সুরেন্দ্রনাথ ব্যানার্জি
37. আকবর 'ইবাদতখানা' নির্মাণ করেন কত সালে?
(a) 1575 সালে (b) 1568 সালে (c) 1571 সালে (d) 1562 সালে
38. ভারতে প্রথম ইংরেজি ভাষায় সংবাদপত্র কে চালু করেন?
(a) বাল গঙ্গাধর তিলক (b) রাজা রামমোহন রায় (c) জে এ হিকি (d) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক
39. কোনটি একটি সার?
(a) নাইট্রোজেন (b) অক্সিজেন (c) ফসফরাস (d) সোডিয়াম নাইট্রেট
40. 'Lokpal' এর 'Logo'-তে সর্তকতা চিহ্নিত আছে:
(a) তিরঙ্গা (b) অশোক চক্র (c) বিচারকের বেঞ্চ (d) দু-হাত
41. সর্বশেষ Census of Indian Population (জনগণনা) হয়েছিল:
(a) 1991 (b) 2001 (c) 2011 (d) 2019
42. পশ্চিমবঙ্গের 'গনগনি' অঞ্চলে কোন ধরনের মাটি রয়েছে?
(a) পলি মাটি (b) লবণাক্ত মাটি (c) ল্যাটেরাইট মাটি (d) তরাই মাটি
43. ভারতের 'কৃষকের আত্মহত্যা' নীচের কোনটির প্রভাব হিসেবে দেখা হয়?
(a) কৃষিক্ষেত্রের দুরবস্থা (b) শিল্পক্ষেত্রের Stagnation বা অধোগতি (c) জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ (d) সবুজ বিপ্লব
44. কোন অঞ্চলকে দক্ষিণ ভারতের শস্যভাণ্ডার বলে?
(a) মাদ্রাজ (b) থাঞ্জাভুর (c) কন্যাকুমারী (d) করমণ্ডল উপকূল
45. কাঁকড়াপাড়া পারমাণবিক কেন্দ্র ভারতের কোন শহরের কাছে অবস্থিত?
(a) কোটা (b) কালপক্কম (c) সুরাট (d) মুম্বাই
46. ভূমিস্বত্ব প্রতিষ্ঠায় কবুলিয়ত ও পাট্টার প্রচলন করেন:
(a) শের শাহ (b) গিয়াসুদ্দিন মাহমুদ শাহ (c) বাহলুল খান লোদি (d) হুমায়ুন
47. হাইড্রোজেন বোমা কোন বিক্রিয়ার ভিত্তিতে তৈরি হয়?
(a) পারমাণবিক বিচ্ছেদ বিক্রিয়া (b) পারমাণবিক সংযোজন বিক্রিয়া (c) প্রাকৃতিক তেজস্ক্রিয়তা (d) কৃত্রিম তেজস্ক্রিয়তা বিক্রিয়া

এরপর সাতের পাতায়

## নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

### প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. নীচের কোনটি পরিবর্তিত হয়ে স্তনগ্রন্থি তৈরি করে?
(a) সিবেসিয়াস গ্রন্থি (b) ঘর্মগ্রন্থি (c) পিনিয়াল বডি (d) রিলাক্সিন
2. প্রোজেস্টেরনের রাসায়নিক প্রকৃতি হল:
(a) স্টেরয়েড (b) প্রোটিন (c) কার্বোহাইড্রেট (d) ডিম্বাণু
3. অগ্ন্যাশয় নিঃসৃত শর্করা পরিপাককারী হরমোনটির নাম কী?
(a) ইনসুলিন (b) গ্লুকাগন (c) থাইরক্সিন (d) মেলানিন
4. মানুষের ফুসফুসের আবরণীর নাম কী?
(a) পেরিটোনিয়াম (b) পেরিকার্ডিয়াম (c) প্লুরা (d) থ্যালামাস
5. নীচের উদ্ভিদগুলির মধ্যে কোনটি মূলবিহীন?
(a) আইকরনিয়া (b) সেরাটোফাইলাম (c) মনোকোরিয়া (d) পিস্টিয়া
6. ক্ষুদ্রান্ত্রের পাকস্থলি-সংলগ্ন অংশকে কী বলা হয়?
(a) ইলিয়াম (b) ডিওডিনাম (c) জেজুনাম (d) কোনওটিই নয়
7. 'Bio-diversity Act' প্রস্তাবিত হয় কত সালে?
(a) 2000 (b) 2001 (c) 2002 (d) 2003
8. ব্যাক্টেরিয়া কোষে _____ থাকে না।
(a) গলগি বস্তু (b) মাইটোকনড্রিয়া (c) রাইবোজোম (d) লোমাজোম
9. সিংহ দেখা যায় কোথায়?
(a) কাজিরাঙা (b) করবেট ন্যাশনাল পার্ক (c) গির অরণ্যে (d) রাজাজি ন্যাশন পার্ক
10. নীচের কোনটি অজৈব উপাদান?
(a) হিউমাস (b) ব্যাক্টেরিয়া (c) ছত্রাক (d) উদ্ভিদ
11. উদ্ভিদ যে প্রক্রিয়ায় খাদ্য তৈরি করে তার নাম:
(a) পরিবর্তিতকরণ (b) জেনেসিস (c) মেটামরফোসিস (d) সালোকসংশ্লেষ
12. অ্যামিবা, কোন ধরনের খাদ্যবস্তু পরিপাক করতে পারে না?
(a) সুগার (b) স্টার্চ (c) ফ্যাট (d) প্রোটিন
13. কোন উদ্ভিদের বিজ্ঞানসম্মত নাম 'কোকোস ন্যুসিফেরা'?
(a) ভুট্টা (b) নারকেল (c) মটরগাছ (d) তুলো
14. পায়রার দেহে রেমিজেস পালকের সংখ্যা ক'টি?
(a) 21টি (b) 22টি (c) 23টি (d) 24টি
15. মানুষের হৃৎপিণ্ডে প্রকোষ্ঠের সংখ্যা ক'টি?
(a) 4টি (b) 3টি (c) 2টি (d) 1টি
16. কে প্রথম কেঁচোকে 'কৃষকের বন্ধু' বলেন?
(a) ডারউইন (b) ল্যামার্ক (c) রবার্ট ব্রাউন (d) কেউই নন
17. গোরুর ক'টি পাকস্থলি আছে?
(a) একটি (b) দু'টি (c) তিনটি (d) চারটি
18. ম্যাকড়সার শ্বাসঅঙ্গের নাম কী?
(a) ফুলকা (b) বহিঃফুসফুস (c) দেহত্বক (d) ট্র্যাকিয়া
19. মানবদেহের কোথায় সংশ্লেষিত হয় 'ভিটামিন এ'?
(a) পিটুইটারি (b) অগ্ন্যাশয় (c) যকৃৎ (d) লিভার
20. স্তন্যপায়ী প্রাণীর মূত্রে পাওয়া যায় এমন জৈব যৌগের নাম করুন:
(a) ইউরিয়া (b) ক্লোরোফর্ম (c) ইথার (d) মিথেন
21. লিউয়েন হুক, অনুবীক্ষণ যন্ত্রে জীবাণুর অস্তিত্ব প্রমাণ করেন কত সালে?
(a) 1674 (b) 1675 (c) 1676 (d) 1677
22. কোন অঙ্গাণুতে পর্দা থাকে না?
(a) রাইবোজোম (b) মাইটোকনড্রিয়া (c) গলগিবস্তু (d) প্রোটোপ্লাজম
23. 1831 সালে রবার্ট ব্রাউন বর্ণনা করেছিলেন:
(a) নিউক্লিয় রস (b) নিউক্লিয়াস (c) কোষ (d) মাইটোকনড্রিয়া
24. মুখমণ্ডলে ক'টি ইন্দ্রিয় থাকে?
(a) দুটি (b) তিনটি (c) চারটি (d) পাঁচটি
25. স্বাদকোরক কোথায় থাকে?
(a) দাঁতে (b) জিহ্বায় (c) গ্রাসনালিতে (d) রক্তবাহতে
26. নীচের কোনটির জন্য প্রযোজ্য নয় 'সেল থিওরি'?
(a) ভাইরাস (b) ছত্রাক (c) শৈবাল (d) ব্যাক্টেরিয়া
27. ফ্যাট, তেল ও স্টেরয়েড হল:
(a) কোলাজেন (b) লিপিড (c) কার্বোহাইড্রেট (d) নিউক্লিক অ্যাসিড
28. কোন জৈব যৌগটি বেশিরভাগ কোষে দেখা যায়?
(a) জল (b) অক্সিজেন (c) গ্লুকোজ (d) মনোস্যাকারাইড
29. কোনটি পলিমার?
(a) ল্যাক্টোজ (b) ফ্রুক্টোজ (c) গ্লুকোজ (d) মনোস্যাকারাইড
30. মানুষের অটোজোমগুলি কত জোড়া হয়?
(a) 22 জোড়া (b) 23 জোড়া (c) 24 জোড়া (d) 25 জোড়া
31. যে প্রক্রিয়ায় শ্বেতকণিকা জীবাণু ধ্বংস করে তাকে _____ বলে।
(a) ফ্যাগোসাইটোসিস (b) হিরুডিন (c) পয়কিলোসাইট (d) লিম্ফোসাইট
32. প্রথম জীবাশ্ম আবিষ্কার করেন কোন বিজ্ঞানী?
(a) মেন্ডেল (b) ল্যামার্ক (c) ডারউইন (d) জেনোফেন
33. পতঙ্গদের দেহ থেকে এক ধরনের হরমোন নিঃসৃত হয় তাকে _____ বলে।
(a) অ্যাড্রিনালিন (b) কাইনিন (c) ইথিলিন (d) ফিরোমোন
34. কোনটি চোখের অসুখ নয়?
(a) ক্যাটারাক্ট (b) গ্লুকোমা (c) হার্পিস (d) কনজাংটিভাইটিস
35. একনেত্র দৃষ্টি (monocular vision) বিশিষ্ট প্রাণী কোনটি?
(a) মানুষ (b) বাঘ (c) শিকারি পাখি (d) ঘোড়া
36. বাস্তুতন্ত্রের বায়োটিক বা সজীব উপাদানগুলিকে ক'টি শ্রেণিতে বিভক্ত করা যায়?
(a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ
37. জালিকাকার তন্তুর বর্ণ হল:
(a) হলুদ (b) ঈষৎ সাদা (c) সবুজ (d) কমলা
38. নীচের কোন আয়ন পত্ররন্ধ্রের খোলা বা বন্ধ নিয়ন্ত্রণ করে?

এরপর সাতের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

48. বিরজীস কাদের কে ছিলেন?
(a) হায়দ্রাবাদের নিজাম (b) অযোধ্যার নবাব (c) মুঘল সম্রাট (d) বাংলার নবাব
49. প্রথম ভারতীয় যিনি অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন:
(a) অধ্যাপক অভিজিৎ বিনায়ক ব্যানার্জি (b) অধ্যাপক অমর্ত্য সেন (c) অধ্যাপক ভি কে আর ভি রাও (d) অধ্যাপক টি এন শ্রীনিবাসন
50. পোর্ট ব্লেয়ার কোন দ্বীপে অবস্থিত?
(a) ছোট আন্দামানে (b) বৃহৎ নিকোবরে (c) দক্ষিণ আন্দামানে (d) উত্তর আন্দামানে
51. Head Count Ratio (HCR) ভারতের বহুলভাবে ব্যবহৃত হয় নীচের কোনটির পরিমাপ হিসাবে?
(a) দারিদ্র (b) অসাম্য (c) আয় (d) জনসংখ্যা
52. তিলপাড়া ব্যারেজ যে নদীর ওপর অবস্থিত তা হল:
(a) দামোদর (b) কংসাবতী (c) শিলাবতী (d) ময়ূরাক্ষী
53. কোন রাজপুত শাসক আকবরের সমসাময়িক নন?
(a) মান সিংহ (b) অমর সিংহ (c) উদয় সিংহ (d) যশবন্ত সিংহ
54. ভূতত্ত্ববিদগণের মতে কোশী নদীর গতিপথ পরিবর্তনের ফল:
(a) গঙ্গা নদী প্রধানত বাংলাদেশে পদ্মা দিয়ে প্রবাহিত (b) উত্তরবঙ্গের তিস্তা নদীর বন্যা (c) কলকাতা বন্দরের অবনতি (d) গ্যাংটক ও দার্জিলিং অঞ্চলের ভূমিকম্প
55. 1942 সালের ভারত ছাড়ো আন্দোলনকে ব্যাখ্যা করেন কে এই বলে 'by far the most serious rebellion since 1857'?
(a) ভাইসরয় লর্ড লিনলিথগো (b) ফ্রাঙ্কলিন রুজভেল্ট (c) চিয়াং কাই শেক (d) উইনস্টন চার্চিল
56. সুভাষ চন্দ্র বোস প্রতিষ্ঠিত রাজনৈতিক দল ছিল:
(a) ইন্ডিয়ান ফ্রিডম পার্টি (b) আজাদ হিন্দ ফৌজ (c) রেভোলিউশনারি ফ্রন্ট (d) ফরওয়ার্ড ব্লক
57. কে 'হইন্দভ ধর্মোদ্ধারক' (হিন্দু ধর্মের রক্ষাকর্তা) উপাধি নেন?
(a) গুরু রামদাস (b) শিবাজি (c) প্রথম বাজিরাও (d) বালাজি বাজিরাও
58. মুসলিম লিগের লাহোর প্রস্তাবের (1940) মূল গুরুত্ব ছিল:
(a) জাতীয় কংগ্রেসের সঙ্গে সহযোগিতা করা (b) মুসলিম লিগের জন্য একটি সংবিধান প্রবর্তন করা (c) ব্রিটিশদের সঙ্গে সহযোগিতা করা (d) পাকিস্তান প্রস্তাব গ্রহণ
59. মুর্শিদাবাদ জেলাকে দু'ভাগে ভাগ করেছে:
(a) মহানন্দা নদী (b) জলঙ্গী নদী (c) ভাগীরথী নদী (d) মাথাভাঙ্গা নদী
60. একটি কোডে 73429186-এর কোড PURCHASE এবং 54064-এর কোড ORDER, তাহলে 7452688-এর কোড কী হবে?
(a) PROGRES (b) PROCEED (c) PROGRAM (d) PROCESS
61. ব্যতিক্রমটি বের করুন:
(a) Square (b) Circle (c) Parallelogram (d) Pectangle
62. ছয়জন ব্যক্তি একটি ছয়কোণা টেবিলে বসে আছে। অরূপ ঠিক বিলালের বিপরীতমুখী বসে, বিলাল বসে আছে চিরাগ এবং ডেরেকের মধ্যে। অরূপ বসে আছে এলা এবং ফারুকের মাঝে।এলা বসে আছে ডেরেকের বাঁদিকে। কোন জোড়াটি একে অপরের মুখোমুখি বসে আছে?
(a) এলা এবং ফারুক (b) ডেরেক এবং এলা (c) চিরাগ এবং এলা (d) চিরাগ এবং ডেরেক
63. ভারতীয় সংবিধানে ক্ষমতা বিন্যাসে শিক্ষা অন্তর্ভুক্ত হয়:
(a) কেন্দ্রীয় তালিকায় (b) রাজ্য তালিকায় (c) যৌথ তালিকায় (d) কোনওটিই নয়
64. নিম্নলিখিতদের মধ্যে কে ফরাসিদের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) হায়দার আলি (b) সফদার জঙ্গ (c) মীরকাশিম (d) টিপু সুলতান
65. পশ্চিমবঙ্গের বৃহত্তম আর্সেনিক শোধন প্ল্যান্টটি এইখানে অবস্থিত:
(a) গঙ্গাসাগর (b) কলকাতা (c) আসানসোল (d) ফারাক্কা
66. মুসলিম লিগ মাউন্ট ব্যাটেন পরিকল্পনা গ্রহণ করেছিলেন কেন না:
(a) মুসলিমদের স্বতন্ত্র নির্বাচনের বিষয়টি মেনে নেওয়া হয়েছিল (b) এই পরিকল্পনা কংগ্রেস কর্তৃক গৃহীত হয়নি (c) পাকিস্তান গঠনের বিষয়টি মেনে নেওয়া হয়েছিল (d) মুসলিম লিগকে স্বীকৃতি দিয়েছিল
67. সিকিম ভারতের full-fledged রাজ্য ঘোষিত হয়:
(a) 1985-এ (b) 1975-এ (c) 1965-এ (d) 1875-এ
68. কে 'খালসা' প্রবর্তন করেন?
(a) গুরু তেগ বাহাদুর (b) গুরু নানক (c) গুরু গোবিন্দ সিংহ (d) গুরু হরগোবিন্দ
69. Fiscal ঘাটতি হয়:
(a) রেভেনিউ রিসিপ্ট + ক্যাপিটাল রিসিপ্ট (Only recoveries of loans and other receipts) মোট ব্যয় (b) বাজেট ঘাটতি + সরকারের বাজার থেকে ঋণ এবং দায় (c) প্রাথমিক ঘাটতি + সুদ প্রদান (d) ওপরের সবগুলিই
70. আগ্রা দিয়ে কলকাতা-মুম্বাই জাতীয় সড়ক এই নামে পরিচিত:
(a) NH-5 (b) NH-8 (c) NH-3 (d) NH-6
71. গড়ে বায়ুতে জলীয় বাষ্পের পরিমাণ ___% ।
(a) 1 (b) 3 (c) 5 (d) 7
72. 'ঢাকা অনুশীলন সমিতি' কে প্রতিষ্ঠা করেন?
(a) প্রফুল্ল চাকী (b) পুলিন দাস (c) এস এন সান্যাল (d) যতীন্দ্রনাথ মুখার্জি

**উত্তর**

1(c), 2(b), 3(d), 4(b), 5(c), 6(a), 7(c), 8(b), 9(b), 10(c), 11(c), 12(b), 13(c), 14(b), 15(b), 16(d), 17(a), 18(a), 19(c), 20(a), 21(b), 22(d), 23(a), 24(d), 25(c), 26(b), 27(c), 28(c), 29(b), 30(c), 31(c), 32(b), 33(b), 34(c), 35(c), 36(b), 37(a), 38(c), 39(d), 40(b), 41(c), 42(c), 43(a), 44(a), 45(c), 46(a), 47(b), 48(b), 49(b), 50(c), 51(a), 52(d), 53(d), 54(a), 55(a), 56(d), 57(b), 58(d), 59(c), 60(d), 61(b), 62(c), 63(c), 64(d), 65(b), 66(c), 67(b), 68(c), 69(d), 70(c), 71(b), 72(b).

**এরপর আগামী সংখ্যায়**

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ*

## নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

### প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

(a) $K^+$ (b) $Mn^{2+}$ (c) $Zn^{2+}$ (d) $Mg^{2+}$
39. কোন প্রকার জীবের বৃদ্ধির জন্য অতিরিক্ত বৃদ্ধির পরিপোষকের প্রয়োজন হয় না?
(a) অটোট্রপ (b) প্রোটোট্রপ (c) হলোট্রপ (d) জিনোট্রপ
40. নীচের কোনটি স্বল্পমাত্রিক মৌল নয়?
(a) Ca (b) Cu (c) Bo (d) Mn
41. লিফ্টের মধ্যে থাকা কোনও ব্যক্তি নিজেকে ভারী ভাবে যখন লিফটি:
(a) খুব দ্রুত উপরে উঠছে (b) যে মুহূর্তে উপরে উঠতে শুরু করে (c) খুব দ্রুত নীচে উঠছে (d) সমবেগে উপরে ওঠে
42. খাদ্যলবণের রাসায়নিক নাম কী?
(a) হাইড্রোজেন সালফাইড (b) নাইট্রোলিম (c) সোডিয়াম ক্লোরাইড (d) সালফিউরিক অ্যাসিড
43. SI পদ্ধতিতে রোধের একক কোনটি?
(a) ওহম (b) ভোল্ট (c) অ্যাম্পিয়ার (d) ক্যালোরি
44. মাছ ধরার ছিপ কোন শ্রেণির লিভারের উদাহরণ?
(a) প্রথম শ্রেণির লিভার (b) দ্বিতীয় শ্রেণির লিভার (c) তৃতীয় শ্রেণির লিভার (d) কোনওটিই নয়
45. বৈদ্যুতিক স্রোত অনুসন্ধান ও পরিমাপ করার যন্ত্রকে বলা হয়:
(a) ওডোমিটার (b) ট্যাকোমিটার (c) গ্যালভানোমিটার (d) ভোল্টামিটার
46. কোনও গতিশীল বস্তুর গতি দ্বিগুণ হলে তার গতিশক্তি ______ হয়।
(a) একগুণ (b) দ্বিগুণ (c) চতুর্গুণ (d) পাঁচগুণ
47. ক্লোরোফর্ম তৈরির জন্য কোন গ্যাস ব্যবহৃত হয়?
(a) ইথেন (b) মিথেন (c) প্রোপেন (d) বিউটেন
48. 'অ্যানাসথেসিয়ার' ক্ষেত্রে ব্যবহৃত গ্যাস কোনটি?
(a) ইথার (b) অ্যাসিটিলিন (c) ইথিলিন (d) ক্লোরিন
49. ক্ষারীয় দ্রবণে ফিনপথ্যালিনের বর্ণ ______ হয়।
(a) গাঢ় গোলাপি (b) হলুদ (c) সবুজ (d) নীল
50. টার্টারিক অ্যাসিডের অপ্রতিসম কার্বনের সংখ্যা:
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
51. জলে শব্দের গতিবেগ ______ ?
(a) 1000 মিটার/সেকেন্ড (b) 1200 মিটার/সেকেন্ড (c) 1300 মিটার/সেকেন্ড (d) 1400 মিটার/সেকেন্ড
52. 1 অশ্ব ক্ষমতা = ____ ওয়াট।
(a) 743 (b) 745 (c) 746 (d) 747
53. MKS পদ্ধতিতে বলের এককের নাম বলুন:
(a) নিউটন (b) ওহম (c) ওয়াট (d) ক্যান্ডেলা
54. অ্যালকালির মিশ্রণে Red litmus রাখলে এটি ______ হয়ে যাবে।
(a) লাল (b) নীল (c) হলুদ (d) সবুজ
55. রঙিন কাচের আবিষ্কারক কে?
(a) হফম্যান (b) আউসবার্গ (c) রবার্ট কোচ (d) ডেনিস প্যাপিন
56. বেনজাল ক্লোরাইডকে ক্যালশিয়াম হাইড্রক্সাইড দ্বারা আর্দ্র বিশ্লেষণ করলে উৎপন্ন হয়:
(a) বেনজাইল অ্যালকোহল (b) বেনজয়িক অ্যাসিড (c) বেনজয়িন (d) বেনজালডিহাইড
57. আলোকরশ্মি এক মাধ্যম থেকে অন্য মাধ্যমে যাওয়ার সময়:
(a) কম্পাঙ্ক বাড়ে (b) তরঙ্গদৈর্ঘ্য বাড়ে (c) কম্পাঙ্ক অপরিবর্তিত থাকে (d) তার তরঙ্গদৈর্ঘ্য অপরিবর্তিত থাকে
58. নীচের কোনটি নিউক্লিওস্নানী বিকারক?
(a) নাইট্রোনিয়াম আয়ন (b) জল (c) বোরন ট্রাইফ্লুরাইড (d) ফেরিক ক্লোরাইড
59. নীচের যৌগগুলির মধ্যে কোনটি আয়োডোফর্ম বিক্রিয়ায় সাড়া দেয় না?
(a) ইথানল (b) 2-প্রোপানল (c) 1-প্রোপানল (d) 2-বিউটানল
60. এক গ্রাম 0° C তাপমাত্রার বরফকে 100° C তাপমাত্রার বাষ্পে পরিণত করলে কতটা তাপ লাগে?
(a) 100 ক্যালোরি (b) 716 ক্যালোরি (c) 1 ক্যালোরি (d) .01 ক্যালোরি
61. Select the wrongly spelt word.
(a) Awfully (b) Unruly (c) Unduly (d) Faithfuly
**Direction (62-63):** Select the most appropriate antonym of the given word.
62. Assertion
(a) Rejection (b) Discussion (c) Declaration (d) Continuation
63. Guile
(a) Surfeit (b) Sincerity (c) Deceit (d) Intution
**Directons (64 and 65):** *Sleect the most appropriate antonym of the given word.*
64. Demolish
(a) Obstruct (b) Abolish (c) Cherish (d) Construct
65. Surveillance
(a) Neglect (b) Vigilance (c) Attack (d) Endurance
**Directions (66 to 75):** *Indicate your response against the corresponding letter (a), (b), (c) and (d).*
66. As the parties failed to reach any agreement, the meeting broke through.
(a) broke in (c) broke away (c) broke up (d) broke out
67. If I have reached there by this time tomorrow, I will write to you immediately.
(a) reach (b) reached (c) am reaching (d) reaching
68. My friend met me, unexpectedly, when I looked for a taxi, desperately.
(a) had looked (b) was looking (c) had been looking (d) has looked
69. Her learning makes up towards her want of beauty.
(a) for (b) to (c) against (d) in
70. If he got his enemy in his hand, he would have crushed him to death.
(a) had got (b) has got (c) was got (d) was getting
71. Please ask your son to turn off the radio so that is not quite so loud.
(a) in (b) back (c) down (d) of
72. He said that when I have worked for him for six months I would get a payrise.
(a) have has worked (b) had worked (c) did work (d) have work
73. I am looking forward to Join your organisation.
(a) have been join (c) Joining (c) having joined (d) has join
74. Every body who finished writing can go home.
(a) had finished (b) have finished (c) has finished (d) finish
75. I am not sure why she is wanting to see him.
(a) is she wanting (b) she want (c) she wants (d) she wanted
76. 20 টাকায় একটি বল কিনে 25 টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ হবে?
(a) 16% (b) 20% (c) 25% (d) 26%
77. $\sqrt[3]{512}+\sqrt[3]{1331}=\sqrt{?}$
(a) 359 (b) 360 (c) 361 (d) 362
78. $[(12)^2 + (?)^2] \div 125 = 3.2$
(a) 15 (b) 16 (c) 17 (d) 18
79. দু'টি সংখ্যার অনুপাত 4 : 7। যদি দু'টি সংখ্যার সঙ্গে 4 যোগ করা হয় তাহলে তাদের অনুপাত হবে 3 : 5। বৃহত্তর সংখ্যাটি নির্ণয় করুন:
(a) 54 (b) 55 (c) 56 (d) 57
80. যদি কোনও সংখ্যার 450%, 4725 হয়, তাহলে সেই সংখ্যাটির 82% কত হবে?
(a) 860 (b) 861 (c) 862 (d) 863
81. $\sqrt[3]{2197}$
(a) 11 (b) 12 (c) 13 (d) 14

**উত্তর**

1(b), 2(a), 3(b), 4(c), 5(b), 6(b), 7(c), 8(b), 9(c), 10(a), 11(d), 12(c), 13(b), 14(c), 15(a), 16(a), 17(d), 18(b), 19(c), 20(a), 21(c), 22(a), 23(b), 24(d), 25(b), 26(a), 27(b), 28(c), 29(d), 30(a), 31(a), 32(d), 33(d), 34(c), 35(d), 36(c), 37(b), 38(a), 39(b), 40(a), 41(b), 42(c), 43(a), 44(c), 45(c), 46(c), 47(b), 48(a), 49(a), 50(b), 51(d), 52(c), 53(a), 54(b), 55(b), 56(a), 57(c), 58(b), 59(d), 60(b), 61(d), 62(c), 63(c), 64(d), 65(a), 66(b), 67(a), 68(b), 69(a), 70(a), 71(c), 72(b), 73(b), 74(c), 75(c), 76(c), 77(c), 78(b), 79(c), 80(b), 81(c).

**এরপর আগামী সংখ্যায়**

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

## সাধারণ মানসিক দক্ষতা

*৮ ফেব্রুয়ারি ২০২৩ সংখ্যার পর*

1(b): 15 p 6 b 25 q 20 d 4 = ?
$15 \times 6 + 25 - 20 \div 4$, $15 \times 6 + 25 - 5$, $90 + 25 - 5 = 110$.
2(d): PAIN মূল শব্দটিতে P বর্ণটি নেই।
3(d): 8 সংখ্যাটি ডায়াগ্রামে ত্রিভুজ, আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র ও বৃত্তের মধ্যে আছে।
4(b): 0 2 6 12 20 30 42
+2 +4 +6 +8 10 +12
5(d): CAT19 96 IND47 : CAT19 69 IND47
6(b): 1219 1215 1452 1984 1969
1129 1125 1542 1894 1699

**(7 to 9):**

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M |
| 2 | 4 | 6 | 8 | 10 | 12 | 14 | 16 | 18 | 20 | 22 | 24 | 26 |
| N | O | P | Q | R | S | T | U | V | W | X | Y | Z |
| 28 | 30 | 32 | 34 | 36 | 38 | 40 | 42 | 44 | 46 | 48 | 50 | 52 |

7(d): K + M + P = 22 + 26 + 32 = 80.
8(a): 34
9(a) $L \div D = 24 \div 8 = 3$.
10(d): 365 days = year = 7(y) 3(e) 1(a) 5(r)
7 days = week = 6(w) 3(e) 3(e) 4(k)
24 hours = day = 2(d) 5(a) 7(y) হয়
অতএব, a-1, d-2, e-3, k-4, r-5, w-6, y-7.
11(a): O, E, N অক্ষরগুলি দু'বার আছে।
12(b): 3 10 18 27 37 48 60
+7 +8 +9 +10 +11 +12
13(b): 5টি সমকোণী ত্রিভুজ আছে।
14(b): শীর্ষবিন্দুর সংখ্যাদুটির যোগফল বৃত্তের মধ্যে বসেছে
12 + 13 = 15, 12 + 10 = 22, 10 + 21 = 31, 21 + 7 = 28, 7 + 8 = 15, 8 + 18 = 26, 18 + 20 = 38
Same as 20 + 13 = 33.
15(c): আশাপূর্ণা দেবীর লেখা সুবর্ণলতা।

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল*

Chakrir খবর

# হৃষীকেশ এইমসে ২৮৩

প্রথম পাতার পর

মেটেরিয়াল ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা মেটেরিয়াল ম্যানেজমেন্টে স্নাতক, সঙ্গে স্টোর হ্যান্ডলিং-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেডিক্যাল স্টোরে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/136: ডেন্টাল টেকনিশিয়ান:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক-সহ ডেন্টাল হাইজিন বা ডেন্টাল মেকানিকজম বা ম্যাক্সিলো ফেশিয়াল প্রস্থেসিস অ্যান্ড অর্থোডন্টিক অ্যাপ্লায়েন্সেসে অন্তত ২ বছরের ডিপ্লোমা। পাশাপাশি, ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়ায় ডেন্টাল হাইজিনিস্ট বা ডেন্টাল মেকানিক হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/137: টেকনিক্যাল অফিসার অপথ্যালমোলজি (রিফ্র্যাকশনিস্ট):** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: অপথ্যালমিক টেকনিক্স বা সমতুল বিষয়ে বি এসসি। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/138: ওয়ার্ডেন (হস্টেল ওয়ার্ডেন):** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক-সহ হাউস কিপিং বা মেটেরিয়াল ম্যানেজমেন্ট বা পাবলিক রিলেশনস বা এস্টেট ম্যানেজমেন্টে ডিপ্লোমা বা সার্টিফিকেট। পাশাপাশি, সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/139: জুনিয়র ওয়ার্ডেন (হাউস কিপার):** ১০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সেই সঙ্গে কোনও কলেজে জুনিয়র ওয়ার্ডেন হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/140: ল্যাব অ্যাটেন্ড্যান্ট গ্রেড-টু:** ৪১টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। সেই সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০, ২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/141: লোয়ার ডিভিশন ক্লার্ক:** ৩২টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের ব্যবহার জানলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/142: মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান:** ৩৮টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০)। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল রেকর্ডসে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল রেকর্ড কিপিংয়ে অন্তত ছয় মাস মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ। পাশাপাশি, সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এ ছাড়া মাইক্রোসফট অফিস, স্প্রেড শিটের ব্যবহার জানতে হবে। কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকা চাই। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/143: মডেলার (আর্টিস্ট):** ১৪টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: ফাইন আর্টস বা কমার্শিয়াল আর্টস বা মডেলিংয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। সেই সঙ্গে ইলাস্ট্রেশন অ্যান্ড মডেলিংয়ে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা মাধ্যমিক। সেই সঙ্গে মেডিক্যাল কলেজের সংশ্লিষ্ট বিভাগে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। গ্রাফিক ডিজাইনে ডিগ্রি থাকলে, এডুকেশন, মিডিয়া ও কমিউনিকেশনে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/144: অফিস স্টোর্স অ্যাটেন্ড্যান্ট (মাল্টি টাস্কিং):** ৪০টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা আই টি আই কোর্স পাশ। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/145: ফার্মাসিস্ট গ্রেড-টু:** ২৭টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭)। শিক্ষাগত যোগ্যতা: ফার্মাসিতে ডিপ্লোমা। সেই সঙ্গে ফার্মাসিস্ট হিসেবে রেজিস্ট্রেশন থাকতে হবে। কোনও হাসপাতাল বা সংস্থায় ট্রান্সফিউশন ফ্লুইডস টেস্টিং, ম্যানুফ্যাকচার বা স্টোরেজ-সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/146: স্টেনোগ্রাফার:** ৩৪টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করার দক্ষতা থাকতে হবে। ইংরেজিতে বা হিন্দিতে বলতে ও লিখতে পারলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

**বিজ্ঞপ্তি নম্বর 2017/147: আপার ডিভিশন ক্লার্ক:** ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। পাশাপাশি, কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

সব ক্ষেত্রেই ৬-৯-২০১৭ তারিখে নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://aiimsrishikesh.edu.in দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ।

ফি বাবদ দিতে হবে গ্রুপ 'বি' ক্যাটেগরির ডায়েটিশিয়ান, স্টোর কিপার, ডেন্টাল টেকনিশিয়ান, টেকনিক্যাল অফিসার এবং ওয়ার্ডেন পদের ক্ষেত্রে ৩,০০০ টাকা ও বাকি পদের ক্ষেত্রে ২,০০০ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করুন। সাবমিটের পর পাওয়া রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আই ডি বি আই ব্যাঙ্কে ৬০০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

প্রথম পাতার পর

পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন।

দরখাস্তের নির্দিষ্ট জায়গায় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), ইংরেজিতে নির্দিষ্ট বয়ানে কালো কালিতে প্রার্থীর নিজের হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ডিক্লারেশনের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড (মাস্টার/ভিসা/রুপে/মায়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড, মোবাইল ওয়ালেট বা আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস)-এর মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর প্রাপ্ত ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। এছাড়াও অনলাইন দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# কলকাতা মেট্রোয় ১২৫ ট্রেড অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.org

এরপর সংশ্লিষ্ট সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://mtp.indianrailways.gov.in নিজে হাতে লিখে আবেদনপত্র পূরণ করবেন।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ দিতে হবে ১০০ টাকার ক্রসড ইন্ডিয়ান পোস্টাল অর্ডার। ফি "PFA, Metro Railway, Kolkata"-এর অনুকূলে "GPO/Kolkata"-য় প্রদেয় হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের কোনও ফি লাগবে না।

✓প্রার্থীর দু'কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোগুলি আবেদনপত্র এবং কল লেটারের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। সাঁটানো ফটোর উপর সই করবেন এবং ফটোগুলি গেজেটেড অফিসারকে দিয়ে প্রত্যয়িত করিয়ে নেবেন।

✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।

✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

✓সংখ্যালঘু ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট বয়ানে পূরণ করা ডিক্লারেশন ফর্ম। ফর্মের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ৫ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ১১×৫ ইঞ্চি মাপের দু'টি খাম।

নথিপত্রগুলি গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র-ভরা খামের উপর লিখবেন: "Application for Metro Railway against Notice No. 01/23/Metro Railway/Kolkata Dated 07.02.2023 for engagement of Act Apprentices". আবেদনপত্র ৬ মার্চের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: Deputy Chief Personnel Officer, Metro Rail Bhavan, 33/1, J.L. Nehru Road, Kolkata-700071. এছাড়া আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে উপরোক্ত ঠিকানায় পি আর ও সেকশনে রাখা ড্রপবক্সে সরাসরি জমা দিতে পারেন।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.mtp.indianrailways.gov.in

# নিখরচায় প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ

প্রথম পাতার পর

হতে ১০ মাসের আবাসিক প্রশিক্ষণ শুরু হবে। বিষয়: ১) ছয় মাসের কৃষিবিদ্যা ও সংশ্লিষ্ট বিষয় উদ্যান বিদ্যা মাশরুম চাষ, মৌমাছি পালন, খাদ্য প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ (জ্যাম, জেলি, স্কোয়াশ, আচার, কাসুন্দি, সস ইত্যাদি), বীজ উৎপাদন, মাটি পরীক্ষা, কেঁচো সার, মৎস্য চাষ ও কৃত্রিম প্রজনন, রঙিন মাছ চাষ, বিদেশি পাখি পালন, কৃষি যন্ত্রপাতি মেরামত এবং ২) চার মাসের প্রাণীপালন ও প্রাথমিক চিকিৎসা, হাঁস-মুরগি ও ছাগল পালন ইত্যাদির সম্মিলিত বৃত্তিমূলক বিষয় এছাড়াও ভ্যালু এডুকেশন, ক্যাপাসিটি বিল্ডিং, সমাজ সেবা, বেসিক কম্পিউটার এবং সফট স্কিল এগুলি থাকবে। যৌথ ভাবে এই প্রশিক্ষণের আয়োজক রামকৃষ্ণ মিশন, নাবার্ড এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক। প্রশিক্ষণ শেষে সফল প্রার্থীদের সার্টিফিকেট দেওয়া হবে এবং ব্যাঙ্ক থেকে ঋণ পেতেও সাহায্য করা হবে। বিশদ জানতে দেখুন সংস্থার এই ওয়েবসাইট: https://www.rkmsssm.org

হরিণঘাটায় শিক্ষার্থীদের গরু, ছাগল, মুরগি, শুয়োর ইত্যাদি প্রাণীর রক্ষণাবেক্ষণের পদ্ধতি শেখানো হয়। শেখানো হয় রোগ নির্ধারণ এবং প্রাথমিক চিকিৎসার মতো বিষয়ও। রহড়ায় শেখানো হয় মৎস্য প্রতিপালন, নরেন্দ্রপুরে উদ্যানবিদ্যা ও জৈব চাষ। প্রতিটি জায়গাতেই মিশন ছাত্রদের জন্য সম্পূর্ণ নিখরচায় থাকা ও চার বেলার খাওয়ার ব্যবস্থা করে। প্রশিক্ষণ পাওয়ার পরে ছাত্রদের বিভিন্ন গ্রামে নিয়ে যাওয়া হয়। দেখা হয় তাঁরা কৃষকদের সমস্যা বুঝে সমাধান করতে পারছেন কিনা। প্রশিক্ষণ শেষে পরীক্ষা। সফল শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হয় সার্টিফিকেট। প্রতি বছর সমাবর্তন অনুষ্ঠানে প্রাক্তন শিক্ষার্থীদেরও আমন্ত্রণ করা হয়। তাঁরা কী ভাবে কাজ করছেন, সেই অভিজ্ঞতা নবীনদের সঙ্গে ভাগ করে নেন। প্রাক্তনীরাও কাজ সংক্রান্ত কোনও সমস্যায় পড়লে শিক্ষকদের কাছ থেকে পরামর্শ নেন।

## ভর্তির যোগ্যতা

**শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম মাধ্যমিক। **বয়স:** ১-৪-২০২৩ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। **আবেদনপত্র জমা দেওয়ার সময়সীমা:** ১ মার্চ থেকে প্রতিষ্ঠানের অফিসে আবেদনপত্র পাওয়া যাবে। এছাড়াও আবেদনপত্র পাওয়া যাবে সংস্থার এই ওয়েবসাইট থেকে: https://www.rkmsssm.org/redp/ আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ এপ্রিল। কৃষক এবং বিপিএল তালিকাভুক্ত গ্রামীণ দরিদ্র পরিবারের যুবকরা অগ্রাধিকার পাবেন।

## ভর্তির জন্য যোগাযোগ

সরাসরি যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির, বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২। অথবা ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৬৫৪-৮৯০৮/০৯। দপ্তরে গিয়ে যোগাযোগ বা ফোন করার সময়: সকাল ১০টা থেকে বিকেল ৫টা। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.rkmsssm.org

## সফলতার কথা

পূর্ব বর্ধমানের গৌতম পোরেল পূর্ব বর্ধমানের জামালপুরের স্বামী বিবেকানন্দ সেবাশ্রম থেকে প্রশিক্ষণ নিয়েছিলেন মাশরুম চাষের। প্রশিক্ষণ নেওয়ার আগে অন্যান্য কাজের সঙ্গে প্রচলিত পদ্ধতিতে অল্পবিস্তর মাশরুম চাষ করে তিনি উপার্জন করতেন প্রতি মাসে ৮ হাজার টাকার মতো। প্রশিক্ষণে আধুনিক পদ্ধতিতে মাশরুম চাষ করা শেখেন তিনি। প্রশিক্ষণ নেওয়ার পর ৭০ হাজার টাকা পুঁজি নিয়ে তিনি মাশরুম চাষ শুরু করেন। বর্তমানে তাঁর মাসিক আয় ৮ হাজার থেকে ১৮ হাজার টাকায় পৌঁছে গিয়েছে। মাশরুম চাষের জন্য তিনি ব্যাঙ্ক থেকে ঋণও পেয়েছেন।

পূর্ব বর্ধমানেরই রঞ্জিত বর্মণ বেলুড়ের রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে রুরাল এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রামে প্রশিক্ষণ নেন। প্রশিক্ষণ নেওয়ার আগে তিনি বেকার ছিলেন। প্রশিক্ষণ চলাকালীন তিনি উদ্যানবিদ্যা ও ফ্লোরিকালচারে যথেষ্ট আগ্রহ বোধ করেন। এরপর গত দু'বছর ধরে তিনি কোচবিহারে সফলতার সঙ্গে বিভিন্ন প্রজাতির জারবেরা ফুলের চাষ করছেন। এখন তিনি জারবেরা ফুলের বিশেষজ্ঞ। ফুলচাষের পাশাপাশি ধান, সবজি, মাছ চাষের সঙ্গেও তিনি যুক্ত। বর্তমানে তাঁর মাসিক আয় ৩০ হাজার টাকার বেশি। উদ্যানবিদ্যা ও কৃষিকাজে আধুনিক প্রযুক্তি প্রয়োগের জন্য ২০১৯ সালে তিনি পশ্চিমবঙ্গ সরকারের কৃষক সম্মান পেয়েছেন।

নদিয়ার শিকারপুরের প্রজ্ঞানময় দাস বৈরাগ্য বেলুড়ের রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে রুরাল এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রামে প্রশিক্ষণ নেওয়ার পর ১০ হাজার টাকা পুঁজি নিয়ে শুরু করেন ভার্মি কম্পোস্টের ব্যবসা। বর্তমানে তাঁর মাসিক আয় তিরিশ থেকে চল্লিশ হাজার টাকা। তাঁর অধীনে এখন কাজ করেন ১০ জন।

পশ্চিমবঙ্গ জুড়ে বহু বেকার ছেলে উপকৃত হয়েছেন এই প্রশিক্ষণ নিয়ে। কেউ নতুন করে রোজগার শুরু করে অন্যকে কাজ দিতে সক্ষম হয়েছেন। আবার অনেকেই প্রশিক্ষণ নেওয়ার পর নিজের কর্মক্ষেত্রে উন্নতি করেছেন।

# জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে ৩৫৫

প্রথম পাতার পর

**সেমি প্রফেশনাল অ্যাসিস্ট্যান্ট:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২, দৈহিক প্রতিবন্ধী ১)। **কুক:** ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২, দৈহিক প্রতিবন্ধী ১)। **মেস হেল্পার:** ৪৯টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৩, আর্থিকভাবে অনগ্রসর ৫, দৈহিক প্রতিবন্ধী ১)। **ওয়ার্কস অ্যাসিস্ট্যান্ট:** ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: ১৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ১, ও বি সি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। ট্রেড অনুসারে শূন্যপদ: ওয়্যারম্যান: ৮টি, ওয়্যারম্যান (টেলিফোন): ২টি, কার্পেন্টার: ৫টি, ম্যাসন: ১টি। **ইঞ্জিনিয়ারিং অ্যাটেন্ড্যান্ট:** ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: ২২টি (সাধারণ ১১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২, দৈহিক প্রতিবন্ধী ১)। ট্রেড অনুসারে শূন্যপদ: খালাসি (সিভিল): ৯টি, খালাসি (ইলেক্ট্রিক্যাল): ১৩টি। **লিফট অপারেটর:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। **ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

বয়স: নির্দিষ্ট তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে।

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://recruitment.nta.nic.in দরখাস্তের শেষ তারিখ ১০ মার্চ।

আবেদনের যোগ্যতা ও দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.jnu.ac.in/careers

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in